যাহা আমি কহিলাম তোমাকে দেখ আমার দূত
যাইবে তোমার আগে২ কিন্তু যে দিবস আমি
আগমন করি সে দিবসে তাহারদের পাপের সাজা
৩৫ দিব তাহারদের ওপরে। পরে যিহুহা২ এহা দুঃখ
দিলেন লোকেরদিগকে তাহারা সে বাছুর গঠনার্থে
যাহা আহারন গঠিল।

পর্ব্ব ৩৩ পরে যিহুহা বলিলেন মোশাকে প্রস্থান কর এথান
হইতে তুমি ও লোকেরা যাহারদিগকে আনিয়াছ
মিসর দেশ হইতে সে দেশে যাহার বিষয় আমি
কিরা করিয়া কহিলাম অব্রহাম ও যিসহাক
ও যাঁকুবের ঠাঁই যে তোমার সন্তানকে দিব এ দেশ।
২ ও আমি পাঠাইয়া দিব এক দূত তোমার আগে ও
আমিই বাহির করিব কনাঁয়নী ও আমরী ও হত্তী
৩ ও পরজী ও হিব্বী ও যিবসীরদিগকে। সে দেশ
দুগ্ধ মধুতে পরিপূর্নিত। কিন্তু আমি যাইব না
তোমারদের মধ্যে একারন তোমরা দুরন্ত লোক পাছে
আমি পথে মারিয়া ফেলাইব তোমারদিগকে।
৪ লোকেরা এ নিষ্ঠুর কথা শুনিয়া শোকিত হইল
৫ ও কেহ পরে না তাহার অলঙ্কার। একারন
যিহুহা বলিয়াছিলেন মোশাকে বল যিশরালের
সন্তানেরদিগকে তোমরা দুরন্ত লোক ক্ষনেকে আমি
তোমারদের মধ্য স্থলে আসিয়া সংহার করিব
তোমারদিগকে অতএব এখন ফেলাইয়া দেও তোমার
দের অলঙ্কার তাহাতে আমি জানিব কি করিতে
৬ তোমারদিগকে। অতএব যিশরালের সন্তানেরা

তাহারদের অঙ্গ অলঙ্কার শূন্য করিল হোরব
৭ পর্ব্বতের নিকট। পরে মোশা পবিত্র তাম্বু
লইয়া যাত্রা করিল সৈন্যের স্থলির বাহিরে
ও তাহার নাম রাখিল সঙ্গলির পবিত্র তাম্বু তাহাতে
প্রতি জন যে নিবেদন করিল যিহুহার কাছে
প্রবেশ করিল সঙ্গলির পবিত্র তাম্বুতে যাহা সৈন্য
৮ স্থলির বাহিরে। তখন মোশা বাহির হইয়া পবিত্র
তাম্বুতে গেলে সকল লোক উত্থান করিল ও প্রতি
জন দাণ্ডাইল নিজ তাম্বুর দ্বারের নিকট ও সে স্থান
থাকিয়া মোশারদিগে দৃষ্টি করিল যাবৎ গেল
৯ পবিত্র তাম্বুর মধ্যে। তখন মোশা পবিত্র তাম্বুর
মধ্যে গেলে মেঘের স্তম্ভ নামিয়া রহিল পবিত্র তাম্বুর
১০ দ্বার এবং যিহুহা কহিলেন মোশার সহিত। যখন
সমস্ত লোকেরা দেখিল মেঘের স্তম্ভ রহিতেছে
পবিত্র তাম্বুর দ্বারে তখন সমস্ত লোকেরা উত্থান
করিয়া ভূমিষ্ঠ হইল প্রতি জন আপনার দ্বারে
১১ থাকিয়া। এবং যিহুহা কথা কহিলেন মোশার
সহিত সম্মুখা সম্মুখি যে মত মানুষ কথা কহে
তাহার বন্ধুর সহিত পরে সে পুনর্ব্বার ফিরিল
সৈন্য স্থলে কিন্তু তাহার চাকর যিহশুয়াঁ ননের
পুত্র এক যুবা মানুষ গেল না পবিত্র তাম্বু
হইতে।

১২ তখন মোশা বলিল যিহুহাকে দেখ তুমি
বলিয়াছ আমাকে এ লোকেরদিগকে লইয়া যাও এ
স্থান হইতে কিন্তু তুমি জানাইলা না আমাকে

কাহাকে পাঠাইয়া দিবা আমার সাতে কিন্তু
বলিয়াছ আমি জানি তোমার নাম তুমি ও কৃপা
১৩ পাইয়াছ আমার দৃষ্টে। অতএব এখন আমি
কামনা করি তোমার কাছে যদি আমি কৃপা পাইয়াছি
তোমার দৃষ্টে তবে এখন দেখাও আমাকে তোমার
পথ তাহাতে আমি জানিতে পারি তোমাকে ও যেন
আমি পাইতে পারি কৃপা তোমার দৃষ্টে এবং মনে কর
১৪ যে ইহারা তোমার লোক। তিনি বলিলেন আমি
বিদ্যমান যাব তোমার কাজে আমি ও বিশ্রাম দিব
১৫ তোমাকে। মোশা বলিল তাহাকে তুমি বিদ্যমান
আমারদের সাজে না যাইয়া লইয়া যাও না আমার
১৬ দিগকে এ স্থান হইতে। তুমি আমারদের বর্ত্তমান
না হইলে কিসতে জানা যাবেক এখানে যে আমি ও
তোমার লোকেরা কৃপা পাইয়াছি তোমার দৃষ্টে
তাহা হইলে আমি ও তোমার লোকেরা আলাদা
১৭ হইব পৃথিবীর সমস্ত লোক হইতে। যিহুহা
বলিলেন মোশাকে যাহা কহিয়াছ তাহা করিব
একারণ তুমি পাইয়াছ কৃপা আমার দৃষ্টে আমি ও
১৮ জানি তোমার নাম। মোশা বলিল আমি নিবেদন
করি তোমার কাছে দেখাও আমাকে তোমার
১৯ তেজ। তিনি বলিলেন আমি আমার সমস্ত ভদ্রতা
তোমার সম্মুখে দিয়া গতি করাইব এবং প্রচার
করিব যিহুহার নাম তোমার সম্মুখে আমি ও
দয়ালু হইব তাহার উপর যাহাকে আমি দয়ালু
হইব ও ক্ষমা দেখাইব তাহাকে যাহার উপরে

২০ ক্ষমা দেখাইব। তিনি বলিলেন আমার মুখ
দেখিতে পারিবা না কেহ আমার মুখ দেখিয়া
২১ বাঁচিতে পারিবে না। যিহুহা ও বলিলেন দেখ
এক স্থান আছে আমার নিকট তুমি তাণ্ডও
২২ শিলারের ওপরে। যখন আমার তেজ তোমা
দিয়া যায় তখন পর্ব্বতের মধ্যে রাখিয়া আমার
নিকট হস্তে ঢাকিব তোমাকে যাবৎ ছাড়াইয়া
২৩ যাই। পরে আমার হস্ত তুলিয়া তুমি দেখিবা
আমার পৃষ্ঠ কিন্তু আমার মুখ দেখিতে হইবে
না।

পর্ব্ব ৩৪

পরে যিহুহা বলিলেন মোশাকে পূর্ব্বকার মত দুই
খান পাথরের তক্তা নির্ম্মান কর এবং আমি লিখিব
তাহার ওপরে সে প্রথম তক্তার কথা যাহা তুমি
২ ভঙ্গিন করিলা। ও প্রস্তুত হইয়া প্রাতে আইস
সীনী পর্ব্বতের ওপরে সাক্ষাত করিতে আমার
৩ সহিত পর্ব্বতের ওপরে। কেহ তোমার সাতে ওথান
করুক না কোন মানুষ ও দৃষ্টি হওক না সকল
পর্ব্বতের ওপর গোবিন কি মেষ পাল ও চরুক না
৪ পর্ব্বতের সন্মুখে। অতএব মোশা পূর্ব্বকার
মত দুই তক্তা নির্ম্মান করিয়া প্রাতে গতি করিলেন
সীনী পর্ব্বতের ওপরে যেমত যিহুহা আজ্ঞা করিয়া
ছিলেন তাহাকে এবং হস্তে করিয়া লইল সে
৫ পাথরের দুই খান তক্তা। তখন যিহুহা মেঘে

নামিয়া তাণ্ডাইলেন সে স্থানে তাহার সহিত ও
৬ পুচার করিলেন য়িহুহার নাম য়িহুহা ও তাহার
নিকট দিয়া যাইয়া পুচার করিলেন য়িহুহাং পুতু
ক্ষমাবন্ত কৃপাপূর্ণ ধৈর্য্যমান মহা দয়ালু ও সত্যবান
৭ যিনি সহস্রাবধির কারন ক্ষমা ওপকার রাখিতেছেন
এবং অযথার্থ কুক্রিয়া ও পাপ মাফ করিতেছেন এবং
যিনি কোন মতে পাপীস্তকে নির্ম্মান করিবেন না পিতার
অযথার্থের ভোগী করিতেছেন সন্তান অনুসন্তানের
৮ ওপর তৃতীয় চতুর্থ পুরুষ পর্য্যন্ত। এবং মোশা শীঘ্র
৯ করিয়া ভূমিষ্ঠ হইয়া ভজনা করিলেন তখন সে
বলিল যদি আমি কৃপা পাইয়াছি তোমার দৃষ্টে আরে
য়িহুহা তবে সাইনা করি যে আমার য়িহুহা আপনি
আইসুন আমারদের মধ্যে একারন এ এক দুরন্ত
লোক ও মাফ করুন আমারদের অযথার্থ ও পাপ
এবং লও আমারদিগকে তোমার অধিকারের কারন।
১০ তিনি বলিলেন দেখ আমি বন্দোবস্ত করি। সকল
লোকের সম্মুখে আমি করিব আশ্চর্য্য ক্রিয়া
যেমত কখন হইল না সমস্ত পৃথিবীতে কি কোন
বর্ণে এবং সে সমস্ত লোকেরা যাহারদের মধ্যে
তুমি আছ তাহারা দেখিবেক য়িহুহার সে ক্রিয়া
১১ ভয়ংকার যাহা আমি করিব তোমারদিগকে মান
যাহা আমি আজি আজ্ঞা করি তোমারদিগকে দেখ
আমি খেদাইয়া দিব তোমারদের নিকট হইতে
আমরী ও কনাঁয়নী ও ক্ষতী ও পারজি ও ক্ষোঈ
১২ ও য়িবসীরদিগকে। সাবধান বন্দোবস্ত করিও না

সে দেশের রাইয়তেরদের সহিত যে আলে তোমরা
যাইতেজ নতুবা তাহারা ফাঁদ হবেক তোমারদের
১৩ মধ্যে কিন্তু নষ্ট কর তাহারদের কুণ্ড ভাঙ্গিয়া ফেল
তাহারদের প্রতিমা ও কাটিয়া ফেল তাহারদের
১৪ দেব স্থল তোমরা আর কোন প্রভু ভজনা করিও
না একারন যিহোহা যাহার নাম ঈর্ষ্যা তিনি ঈর্ষ্যা
১৫ প্রভু। সাবধান বন্দোবস্ত করিও না সে দেশের
লোকেরদের সহিত নতুবা তোমরা বেভিচারকর্ত্তা
করিবা তাহারদের দেবতার সহিত ও বলিদান কর
তাহারদের দেবতার কাজে এবং কেহ তোমারদিগকে
১৬ ডাকিয়া যাইবা তারদের প্রসাদ ও তোমরা লইবা
তাহারদের কন্যারা তোমারদের পুত্রের কারন ও
তাহারদের কন্যারা দেবতার সহিত বেভিচারকর্ত্তা
করিতে যাইয়া তোমারদের সন্তানেরদিগকে লইয়া
যাবেক বেভিচারকর্ত্তা করিতে তাহারদের দেবতার
সহিত।

১৭ তোমরা সাঁচুয়া ঠাকুর নির্ম্মান করিও না।

১৮ বেখমির রুটির সমৃধ্যি কর আবিব মাসে।
সাত দিন ভোজন কর বেখমির রুটি যেমত
আমি আজ্ঞা দিয়াছি তোমারদিগকে একারন আবিব
১৯ মাসে নিচ্চয় চাড়িয়া আইলা। সমস্ত প্রথম
গর্ব্ভ আমার হবেক ও তোমারদের সমস্ত পশুগনের
২০ প্রথম বাচ্চা গরুর কি মেষের গাবীর প্রথম বাচ্চা
চাড়িয়া দিও মেষের বাচ্চা বদলে দিয়া কিন্তু তাহা
চাড়িয়া না দিয়া ভাঙ্গি তাহার ঘাড়। তোমারদের

সমস্ত পুংময় জন্মিত পুংস্ত্র মুক্ত কর এবং কেহ রিক্ত হাতে আমার কাছে আসুক না।

২১ ছয় দিবস কার্য্য কর সপ্তম দিবস তাহা ত্যাগ কর বুনন ও ফসলের সময়ে ও ত্যাগ কর।

২২ আর সপ্তার সমৃদ্ধি ও গোমের ফসলের প্রথম ফল দেওন এবং একত্র করণ সমৃদ্ধি বৎসরের শেষে।

২৩ বৎসরের মধ্যে তিন বার তোমারদের সমস্ত পুরুষ দেখা করিতে যাওক যিহুহা যিশরালের

২৪ ঈশ্বরের সাক্ষাৎ। আমি দূর করিয়া দিব সে বর্ণেরদিগকে তোমারদের সম্মুখ হইতে ও তোমার দের সীমা বাড়াইব এবং কোন কেহ ইচ্ছা করিবেক না তোমারদের দেশ যখন বৎসরের মধ্যে তিন বার দেখা করিতে যাইবা যিহুহা তোমারদের

২৫ ঈশ্বরের সাক্ষাৎ। তোমারদের বলিদানের রক্ত খমিরের সহিত উৎসর্গ কর না পেশাক্ষের বলিদানের কিছু রক্ষি রাখিও না প্রভাত

২৬ পর্য্যন্ত। প্রথম ফলের প্রথমীয় আন যিহুহা তোমার দের ঈশ্বরের ঘরে বাছা ছাগী সিদ্ধ করিও

২৭ না তাহার মাতার দুগ্ধে। যিহুহা কহিলেন মোশাকে তুমি লেখ এ সকল কথা এই সকল বাক্যানুযায়ি আমি বন্দোবস্ত করিব তোমার ও

২৮ যিশরালেরদের সহিত। ও তিনি সে স্থানে যিহুহার সহিত ছিলেন চল্লিশ দিবা রাত্রি তৎকালে রুটি ভোজন করিল না ও জল পান করিল না তৎকালে ও লেখিল সে উক্তির

ওপর বন্দোবস্তের সম্বন্ধে সে দশ আজ্ঞা।

২৯ মোশা নামিলেন পর্ব্বত হইতে এবং সাক্ষীর
দুই তক্তা মোশার হস্তে তখন মোশা জানিলেন না
যে তাহার মুখের চর্ম্ম দীপ্তিমান হইল যখন তিনি
৩০ কথা কহিলেন তাহার সহিত। আহারণ ও
য়িশরালের সন্তানেরা যখন দেখিল মোশাকে যে
তাহার মুখের চর্ম্ম দীপ্তিমান হইল তখন তাহারা
৩১ তাহার নিকট আসিতে ভীত হইল। কিন্তু
মোশা ডাকিল তাহারদিগকে তখন আহারণ ও
লোকেরদের কর্ত্তারা সমস্ত ফিরিয়া গেল তাহার
কাছে ও মোশা কথা কহিল তাহারদের সহিত।
৩২ তৎপরে য়িশরালের সমস্ত সন্তানেরা নিকটে
আইল এবং সে আজ্ঞা দিল তাহারদিগকে
সে সমস্ত যাহা য়িহহা কহিয়াছিলেন তাহার
৩৩ সাতে সীনী পর্ব্বতের ওপর। ও মোশা
তাহারদের সহিত কথা কহন সাঙ্গ করণ পর্য্যন্ত
৩৪ ঘোমটা দিল তাহার মুখের ওপর মোশা গতি করিল
য়িহহার সম্মুখে কথা কহিতে তাহার সাতে তখন
ঘোমটা খুলিল বাহিরে আইসন পর্য্যন্ত এবং বাহিরে
আসিয়া কহিলেন য়িশরালের সন্তানেরদের
৩৫ কাছে যাহা২ আজ্ঞায় পাইয়াছিলেন। ও
য়িশরালের সন্তানেরা দেখিল মোশার মুখ দেখা
তাহার মুখের চর্ম্ম দীপ্তিমান হইল তখন মোশা
পুনর্ব্বার ঘোমটা দিল তাহার ওপর যাবৎ কথা
কহিতে গেলেন তাহারদের সহিত।

পর্ব্ব ৩৫

১ মোশা য়িশরালের সান্তানেরদের লোক সমস্ত
একত্র করিয়া বলিল এই সে কথা যাহা য়িহুহা আজ্ঞা
২ করিয়াছেন তোমারদের করনের কারন। ছয়
দিন কার্য্য করিতে হবেক কিন্তু সপ্তম দিন হবেক
তোমারদের পবিত্র দিবস এই য়িহুহার বিশ্রাম
শাবত যে কেহ কার্য্য করে সে দিনে তাহাকে মারিয়া
৩ ফেলিতে হবেক। শাবত দিনে তোমরা আগুন
৪ জ্বালিও না তোমারদের বসতির মধ্যে। মোশা
ও কহিল য়িশরালের সন্তানেরদের সমস্তকে এ সে
৫ কথা যাহা য়িহুহা আজ্ঞা করিয়াছেন। তোমার দিগ
হইতে নিবেদনাথীয় লও য়িহুহার কারন যাহার২
দেওনের ইচ্ছা সে প্রতি জন আনুক নিবেদনাথীয়
৬ য়িহুহার কারন সোনা রূপা পিতল নীলা
বাগুনীয় সিন্দুরীয় যেহি সুতা ও ছাগলের পসম।
৭ ও লাল ছোপ দেয়া মেষের চামড়া ও শট্টা কাষ্ঠ।
৮ ও তৈল আলোর কারন ও মসালা মর্দ্দনীয় তৈলের
৯ কারন ও আপিটার কারন। এবং সালমালি পাথর
ও পাথর আইফদ ও বুক পাটায় বসানের কারন।
১০ এবং তোমারদের প্রতি হেকময় অন্তকরনীয় লোকে
আসিয়া করুক সমস্ত যেমত য়িহুহা আজ্ঞা করিয়া
১১ ছেন। পবিত্র তাম্বু তাহার তাম্বু ও তাহার ঘটাটোপ
তাহার মুদা ও তাহার তক্তা তাহার সাইপ ও খুটী ও
১২ তাহার চুপি। সিন্দুক ও তাহার সাইপ ক্ষমাসন
১৩ ও চাকিবার পরদা। মেজ ও তাহার সাইপ
১৪ ও তাহার সমস্ত সামগ্রী ও দর্শন রুটি। গাজ

প্রদীপ আলোর কারন ও তাহার সামগ্রী ও তাহার
১৫ তৈলযুক্ত প্রদীপ ও তৈল আলোর কারন ও আগিটী
ও তাহার সাইগ ও মর্দ্দনীয় তৈল ও জ্বালাবার
সুগন্ধ ও দ্বারের পরদা পবিত্র তাম্বুর দ্বারের কারন।
১৬ আহুতির কুণ্ড তাহার পিতলের ঝাঁজরার সহিত
তাহার সাইগ ও তাহার সমস্ত সামগ্রী আবদান
১৭ ও তাহার মুরা। ওঠানের পরদা ও তাহার
খাম ও তাহার চুঙ্গি এবং ওঠানের দ্বারের
১৮ পরদা। পবিত্র তাম্বুর গিল ও ওঠানের গিল
১৯ ও তাহারদের দড়ি। ভজনার পরিচ্ছদ পবিত্র
স্থানে ভজনার কারন পবিত্র পরিচ্ছদ আহারন
যাজকের কারন ও তাহার পুত্রেরদের পরিচ্ছদ
যাজকতা করনের কারন।

২০ তখন য়িশরালের সন্তানেরদের সমস্ত মণ্ডলি
২১ প্রস্থান করিল মোশার সাক্ষাৎ হইতে। এবং
যে প্রতি জনের অন্তকরন ঘুটে তাহাকে ও
যে প্রতি জন আত্মা ঐচ্ছুক আসিয়া আনিল
য়িহুহার সে নিবেদনার্থীয় দ্রব্য মণ্ডলির পবিত্র
তাম্বুর কার্য্য ও তাহার সমস্ত ভজনা ও পবিত্র
২২ পরিচ্ছদের কারন। যাহারা ঐচ্ছুক হইল
মাইয়া ও পুরুষ আসিয়া আনিল হার ও কানের
কড়ি ও অঙ্গুরি ও তক্তি সমস্ত সোনার অলঙ্কার
যে যানুষ উৎসর্গ করিয়া দিল সে সোনা
২৩ উৎসর্গ করিয়া দিল য়িহুহাকে। এবং প্রতি
যানুষ যাহার কাছে নীলা বাগুনীয় কি সিন্দুরীয়

কি যেহি সূতা কি জাগলের পসম কি যেষের লাল
চামড়া কি শওরের চামড়া সে আনিল সমস্ত।
২৪ ও প্রতি জন যে ওৎসর্গ করিল রূপা কি পিতলের
নিবেদনার্থীয় তাহারা আনিয়া ওৎসর্গ করিল
২৫ য়িহুহাকে ও প্রতি জন যাহার কাছে ছিল শট্টা
কাষ্ঠ কার্য্যের কারন সে আনিয়া দিল তাহা। ও
সমস্ত বুদ্ধিমতী স্ত্রী লোক সূতা কাটিয়া আনিল
২৬ ও নীলা ও বাগুনীয় ও সিন্দুরীয় ও যেহি সূতা। ও
স্ত্রী লোক যাহারদের মন ঘুটিত হইল হেকমৎ
কার্য্য করিতে তাহারা করিল জাগলের পসমের
২৭ সূতা। পুধীন লোকেরা আনিল সালমালি পাথর
ও পাথর বসনের কারন আইফদ ও বুক পাটায়।
২৮ মসালা ও তৈল আলো ও অভিষেকীয় তৈলের
২৯ কারন ও গুগুল ধূপের কারন। ও য়িশরালের
সন্তানেরা আনিল ঐচ্ছুক নিবেদনার্থীয় য়িহুহার
কাছে প্রতি স্ত্রী ও পুরুষ যাহারদিগের আনিবার
ইচ্ছা হইল সে সমস্ত কাযের জন্য যাহা য়িহুহা
করিতে আজ্ঞা দিলেন মোশাকে।

৩০ পরে মোশা কহিলেন য়িশরালের সন্তানের
দিগকে দেখ য়িহুহা নাম ধরিয়া ডাকিয়াছেন
য়িহোদা গোষ্ঠীর হুরের পুত্র আওরির পুত্র
৩১ বজলালকে। ও ঈশ্বরের আত্মা পূর্ণ করিয়াছেন
তাহাকে হেকমৎ ও বোধ ও জ্ঞানে সকল প্রকার
কাযের কারন। হেকমৎ কাযের সৃষ্টি করনেতে
৩২ সোনা ও রূপা ও পিতলে ও পাথর কাটিয়া

বসাইতে ও কাষ্ঠ খুদিয়া নানান প্রকার হেকমৎ
৩৪ কার্য্য করিতে। ও তাহার অন্তঃকরনে শিক্ষাইতে
দিলেন সে ও দনের গোষ্ঠ আহিসমাখের
৩৫ পুত্র আহলিয়াব। তাহারদিগকে বুদ্ধ্যন্তঃকরনে
পরিপূর্ন করিয়াছেন খোদকারি ও কর্ম্মকারি ও নীলা
বাগুনীয় সিন্দুরীয় ও মেহি সুতার সকল প্রকার
বুটাগারি ও তাঁতির কায করিতে সকল প্রকার
কর্ম্মকারক কারিগরির সৃষ্টিই করিতে।

পর্ব্ব ৩৬ তখন বজলাল ও আহলিয়াব ও সমস্ত বুদ্ধিমান
লোক যাহারদেরে য়িহুহা দিয়াছিলেন জ্ঞানের
হেকমৎ ও বোধ কি যত্তে করিতে পবিত্র
স্থানের সমস্ত প্রকার কার্য্য তাহারা কর্ম্মেতে প্রবৃত্ত
হইয়া করিল সে সমস্তানুযায়ি যাহাং য়িহুহা আজ্ঞা
২ করিয়াছিলেন। পরে মোশা ডাকিল বজলাল ও
আহলিয়াব ও প্রতি বুদ্ধিমান লোককে যাহার
অন্তকরনে য়িহুহা হেকমৎ জ্ঞান দিয়াছিলেন সেই২
প্রতি জন যাহারদের অন্তঃকরনে ইচ্ছা করাইল
৩ আসিয়া সে কার্য্য করিতে। পরে তাহারা
পাইল মোশার হাজেতে সে সমস্ত ওৎসর্গীয়
যাহা য়িশরালের সন্তানেরা আনিয়া দিল পবিত্র
স্থানের কার্য্যের কারন। তাহারা তখন ও আনিল
৪ প্রতি প্রাতে ঐচ্ছুক দান। সে সমস্ত বুদ্ধিমান
লোক যাহারা পবিত্র স্থানের কায করে প্রতি জন
তাহারদের কার্য্য করন হইতে আসিয়া কহিল

৫ মোশাকে যিহুহা যে কার্য্য করিতে আজ্ঞা
দিলেন লোকেরা আনিতেছে সে কার্য্যের অন্দাজ
৬ হইতে আধিক। অতএব মোশার আজ্ঞানুযায়ি
তাহারা এই কথা ঢেঁড়ি দেয়াইল সমস্ত সৈন্য
মধ্যে পুরুষ কি মাইয়া আর কোন বস্তু আনুক না
পবিত্র স্থানের কার্য্যের কারন তাহাতে লোকেরা
৭ আনয়ন হইতে নিবর্ত্ত হইল। একারন যে সামগ্রী
পাইয়াছিল তাহা সমস্ত কার্য্যের কারন প্রচুর
এবং অধিক।

৮ যে সকল বুদ্ধিমান লোক পবিত্র তাম্বুর কায
করিল তাহারা করিল দশটা পাকানীয় মেহি সুতা
ও নীলা ও বাগুনীয় ও সিন্দুরীয় হেকমত কাযের পরদা
৯ ও গরবিম করিল তাহাতে। এক পরদা আটাইশ
হাত লম্বা ও চারি হাত চৌড়া সমস্ত পরদা এক
১০ আন্দাজ। সে বন্ধ করিল পাঁচ পরদা একত্র
১১ ও আর পাঁচ পরদা একত্র সে ও করিল নীলা
পুঁটা এক পরদার কিনারায় দুহারা করনের
স্থানে সেই মত ও করিল প্রতি পরদার কিনারায়
১২ দ্বিতীয় বন্ধ করনের কারন পঞ্চাশ পুঁটা প্রথম
পরদার ও পঞ্চাশৎ পুঁটা করিল প্রতি পরদার কিনারায়
দ্বিতীয় বন্ধ করনের কারন পরে সেই সকল বন্ধ
করিল এক পরদা আর এক পরদার সহিত।
১৩ ও সে পঞ্চাশটা সোনার মুদা গঠন করিয়া মুদায়
বন্ধ করিল এক পরদা আর এক পরদার সহিত
তাহাতে হইল এক পবিত্র তাম্বু।

১৪ সে করিল ছাগলের পশমীয় পরদা পবিত্র তাম্বুর
১৫ ওপরে তাম্বুর কারণ এগার পরদাই করিল একং
পরদা ত্রিশ হাত লম্বা ও চারি হাত চৌড়া সে
১৬ এগার পরদা একই আন্দাজ। ও সে বন্ধ করিল
১৭ পাঁচ পরদা একত্র ও ছয় পরদা একত্র। সে ও
করিল পঞ্চাশ পুঁটা সে পরদার কিনারায় বন্ধ
করনের মুখে ও আর পঞ্চাশং পুঁটা করিল প্রতি
১৮ পরদার দ্বিতীয় জোড়ের মুখে। সেই মতে ও গঠন
করিল পিতলের পঞ্চাশটা মুদা তাম্বু বন্ধ করনের
১৯ জন্যে যাহাতে একটা হয়। সে ও করিল তাম্বুর
মেষের লাল চামড়ার ঘটাটোপ ও শুশুরের চামড়ার
ঘটাটোপ তাহার ওপরে।

২০ সে ও করিল শট্টা কাষ্ঠের তক্তা পবিত্র তাম্বুতে
২১ যাড়া দেওনের কারণ। একং তক্তা দশ
হাত লম্বা ও দেড় হাত চৌড়া। একং তক্তার
২২ নিচে দুইং আল সমভাগে করিল সেই মত করিল
২৩ পবিত্র তাম্বুর সমস্ত তক্তা। এবং সে করিল পবিত্র
২৪ তাম্বুর তক্তা দক্ষিনদিগের কারণ কুড়িখান তক্তা ও
চল্লিশটা রূপার চুঙ্গি করিল সে কুড়ি তক্তার নিচে
দুইং চুঙ্গি একং তক্তার নিচে দুই আলের কারণ।
২৫ পবিত্র তাম্বুর দ্বিতীয় তরফ ওত্তরদিগের কারণ কুড়ি
২৬ তক্তা করিল ও তাহার চল্লিশটা রূপার চুঙ্গি দুইং
২৭ চুঙ্গি একং তক্তার নিচে। ও পবিত্র তাম্বুর পশ্চিম
২৮ দিগের কারণ করিল ছয়খান তক্তা এবং করিল
দুইখান তক্তা পবিত্র তাম্বুর দুইদিগের কোনের

২৯ কারন। ও তাহার নিচে ওপর বন্ধ করিল
একং কবজায় দুইটাই সেই মত করিল দুই
৩০ কোনের কারন। সেই মত আট তক্তা হইল
ও তাহার ঘোলটা রূপার চুঙ্গি দুইং চুঙ্গি প্রতি
তক্তার নিচে।

৩১ শট্টা কাষ্ঠের পাঁচটা বাতা ও করিল পবিত্র তাম্বুর
৩২ এক দিগের তক্তার কারন। এবং আর পাঁচটা
বাতা পবিত্র তাম্বুর আর দিগের তক্তার কারন ও
আর পাঁচটা বাতা পবিত্র তাম্বুর পশ্চিমদিগের
৩৩ তক্তার কারন। সে ও করিল মধ্যখানের
৩৪ বাতা সরাসরি তক্তার মুড়াম্মুড়ি তাগাদি। ও সে
সমস্ত তক্তা সোনা মড়াইল ও সোনার কড়া
করিল বাতার স্থানের কারন সে বাতা ও সোনা
মড়াইল।

৩৫ সে ও করিল নীলা ও বাগুনীয় ও সিন্দুরীয় ও
মেহি সুতার পরদা এবং তাহা করিল হেকমত
৩৬ কার্য্যের সরবিম করিয়া। সে ও করিল চারিটা
শট্টা কাষ্ঠের থাম তাহার কারন ও তাহা সোনা
মড়াইল সাঁতুয়া চারিটা রূপার চুঙ্গি ও করিল।

৩৭ পবিত্র তাম্বুর দ্বারের কারন নীলা ও বাগুনীয় ও
সিন্দুরীয় ও পাকালীয় মেহি সুতার পরদা করিল
৩৮ বুটা কায করিয়া ও তাহার পাঁচ থাম আঁকড়া
সমেত করিল ও সোনা মড়াইল তাহারদের
ঠিকরী ও কলম ও তাহারদের পিতলের পাঁচ চুঙ্গি
করিল।

পর্ব্ব ৩৭ এবং- বচ্চলাল গঠন করিল সে শঙ্খা কাষ্ঠের
সিন্দুক আড়াই হাত লম্বা ও দেড় হাত চৌড়া ও
২ দেড় হাত ওভে। ও তাহার ভিতরে বাহিরে
নির্ভাজ সোনা মড়াইল ও সোনার কালর দিল তাহার
৩ চারিদিগে। ও সে তাহার কারন গঠন করিল
সোনার চারিটা সাঁতুয়া কড়া চারি কোনে দিতে
তাহার দুই কড়া একদিগে আর দই কড়া আর এক
৪ দিগে। এবং- সে গড়াইল তাহার শঙ্খা কাষ্ঠের
৫ সাইগ্ ও তাহা মড়াইল সোনা দিয়া। সে
দিল সাইগ্ কড়ার মধ্যে সিন্দুকের দুই পার্শ্বে
সিন্দুক বহনের কারন।

৬ পরে গঠন করিল নির্ভাজ সোনার ক্ষমাসন
৭ আড়াই হাত লম্বা ও দেড় হাত চৌড়া। ও নির্ম্মান
করিল সোনার দুইটি খরবিম্ব কোপে গড়াইল এক
৮ খান হইতে ক্ষমাসনের দুই মুড়ায়। তাহার
এক খরব এক মুড়ার ওপরে আর এক খরব
আর এক মুড়ার ওপরে। সে খরবিম্ব নির্ম্মান
করিল ক্ষমাসন হইতে তাহার দুই মুড়ার
৯ ওপরে। সে খরবিম্ব তাহারদের দুই বাজু
ওষ্ঠ করিয়া ঢাকিল ক্ষমাসন তাহারা সন্মুখা
সন্মুখি থাকিল ক্ষমাসনেরদিগেই খরবেরদের
মুখে ছিল।

১০ ও সে গঠন করিল শঙ্খা কাষ্ঠের মেজ দুই হাত
১১ লম্বা এক হাত চৌড়া ও দেড় হাত ওষ্ঠা ও মড়াইল
তাহা নির্ভাজ সোনা দিয়া এবং- তাহার চারি

১২ দিগে ঝালর নির্ম্মান করিল। তাহার চারি
অঙ্গুলি চৌড়া ঝালর গঠন করিলেক চারিদিগে ও
সে ঝালরের কারন গঠন করিল সোনার কলষ
১৩ তাহার চারিদিগে। পরে সোনার আঁচুয়া চারিটা
কড়া গঠন করিল ও তাহা দিল মেজের চারি কোনে
১৪ চারি পুরার গায়। সে কড়া বসাইল ঝালরের
১৫ নিম্নে সাইদের স্থানের কারন মেজ বহিতে। সে
সাইদ ও গঠন করিল শুদ্ধ কাষ্ঠের ও তাহা সোনা
১৬ মড়াইল মেজ বহনের কারন। ও সে নির্ম্মান
করিল সমস্ত সামগ্রী যাহা মেজের ওপরে থাকে
বাসন ও চমচা বড় বাটী ও তাহার ঢাকনের
সরপোস সমস্তই নির্ভাজ সোনার।

১৭ ও সে কোপে করিল সোনার গাচ্চ প্রদীপ সে
গাচ্চ প্রদীপই গঠন করিল তাহার গাচ্চ ও তাহার
ডাল ও তাহার কটোরা ও তাহার কলিকা ও তাহার
১৮ ফুল সকল একেই। তাহার হইল ছয় ডাল তিন
ডাল বাহির হইল এক পার্শ্ব হইতে আর তিন ডাল
১৯ বাহির হইল আর এক পার্শ্ব হইতে। তাহার
এক ডালে তিন বদামের মত কটোরা এক কলিকা
ও এক ফুল এবং আর তিন কটোরা গঠন করিল
তাহার আর এক ডালে এক কলিকা ও এক ফুল সেই
২০ মতে হইল সে গাচ্চ প্রদীপের ছয় ডালে। সে গাচ্চ
প্রদীপে চারি বদামের মত কটোরা করিল তাহার
২১ দের কলিকা ও তাহারদের ফুল। দুই২ ডালের
২২ নিম্নে এক২ কলিকা তাহার ছয় ডালানুযায়ি। তাহার

কলিকা ও তাহার ডাল কেবল নির্ভাজ সোনার
২৩ গঠন। ও সে গঠন করিল তাহার সাতটা প্রদীপ
ও গুলতারাম ও গুলতারামের পাত্র নির্ভাজ
২৪ সোনার। তাহা ও তাহার সমস্ত সামগ্রী গঠন
হইল এক তালন্ত নির্ভাজ সোনার।

২৫ সে নির্ম্মান করিল শমী কাষ্ঠের আগিটা এক হাত
লম্বা এক হাত চৌড়া চৌদিগে সমান ও দুই হাত
২৬ ওভে তাহার শৃঙ্গ একেই। তাহা নির্ভাজ সোনা
তাহার ডাল ও তাহার চারিদিগের বেড় ও তাহার
শৃঙ্গ সে ও গঠন করিল সোনার কলস তাহার চারি
২৭ দিগে। সে ও গঠন করিল দুইটা সোনার কড়া
তাহার কলসের নিম্নে কোনের নিকট তাহার দুই
পার্শ্বের ওপরে সাইপের স্থানের কারন তাহা বহন
২৮ করিতে। ও গঠন করিল সে সাইপ শমী কাষ্ঠের
ও তাহা সোনা মড়াইল।

২৯ সে ও করিল পবিত্র অভিষেকীয় তৈল এবং পরিস্কার
দ্রব্য সুগন্ধ মসলা দিয়া গন্ধ বনিকের কার্য্যা
নুযায়ি।

পর্ব্ব ৩৮ এবং সে নির্ম্মান করিল শমী কাষ্ঠের যজ্ঞ কুণ্ড
পাঁচ হাত লম্বা ও তিন হাত চৌড়া চৌপুটে ও
২ তিন হাত ওভে। সে ও গঠন করিল শৃঙ্গ তাহার
চারি কোনের ওপর তাহার শৃঙ্গ একই বস্তুর তাহা ও
৩ পিতলে মড়াইল। এবং সে গঠন করিল কুণ্ডের
সমস্ত সামগ্রী বাসন ও হাতা ও হাঁড়ি ও মাংসের
আকর্ষী ও অগ্নি পাত্র তাহার সমস্ত সামগ্রী গঠন

৪ করিল পিত্তলের। সে ও বঁড়শীর ঝালর গঠন করিল
কুণ্ডের কারণ ও তাহা দিল কুণ্ডের বাহিরে পার্শ্বের
৫ মধ্য স্থলে নিচে পর্য্যন্ত। সে ও পিত্তলের
চারিটা আঁচুয়া কড়া গড়াইল ঝালরের চারি
৬ কোনের কারণ সাইগের স্থানের জন্যে সে তাহার
সাইগ করিল শমী কাষ্ঠের ও পিত্তলে মড়াইল।
৭ পরে দিলেক সে সাইগ কড়ার মধ্যে কুণ্ডের
পার্শ্বের ওপর বহনের কারণ সে গঠন করিল কুণ্ড
আঁতানি তক্তা করিয়া।

৮ এবং সে গঠন করিল পিত্তলের আবদান ও
তাহার পিত্তলের যুরা স্ত্রী লোকেরদের দর্পণ
দিয়া যাহারা সভাস্থা হইল মণ্ডলির পবিত্র তাম্বুর
দ্বারে।

৯ সে ও করিল ওঠান ও ওঠানের দক্ষিণ দিগের
পরদা পাকানীয় মেহি সূতা দিয়া এক শত হাত
১০ তাহার থাম কুড়ি ও তাহার পিত্তলের চুপ্পি কুড়ি
১১ থামের আঁকড়া ও তাহার কলঘ রূপার। এবং
ওত্তর দিগের কারণ এক শত হাত পরদা তাহার
থাম কুড়ি ও তাহার পিত্তলের চুপ্পি কুড়ি সে থামের
১২ আঁকড়া ও কলঘ রূপার। তাহার পশ্চিমদিগের
কারণ পঞ্চাশ হাত পরদা তাহার থাম দশ ও তাহার
চুপ্পি দশ সে থামের আকড়া ও কলঘ রূপার।
১৩ ও পূর্ব্বদিগের কারণ পঞ্চাশ হাত পরদা এবং
১৪ তাহার এক দিগের দ্বারের পরদা পনের হাত তাহার
১৫ থাম তিন ও তাহার চুপ্পি তিন ওঠানের আর

একদিগের পরদা পনের হাত তাহার থাম তিন ও
১৬ তাহার চুঙ্গি তিন। সে ওঠানের চারিদিগের সমস্ত
১৭ পরদা পাকানীয় মেহি সুতার। থামের চুঙ্গি পিতলের ও তাহার আঁকড়া ও কলঘ রূপার তাহার ওপরে রূপা মড়া ঠিকরি সে থামের সমস্ত কলঘ ও করিল
১৮ রূপার। সে ওঠানের দ্বারের পরদা করিল বুটা কায নীলা ও বাগুনীয় ও সিন্দুরীয় ও পাকানীয় মেহি সুতায় লম্বা কুড়ি হাত পাঁচ হাত ওড়ে ওঠানের
১৯ পরদানুযায়ি। তাহার থাম চারি ও তাহার পিতলের চুঙ্গি চারি তাহার আঁকড়া রূপার ও তাহার ওপরে
২০ রূপা মড়া ঠিকরি ও রূপার কলঘ ও পবিত্র তাম্বুর চারিদিগের সমস্ত খিল পিতলের।

২১ এই সে পবিত্র তাম্বুর দফাওয়ারি সেই সাক্ষীর পবিত্র তাম্বুই যেমত গনন হইয়াছিল মোশার আজ্ঞানুযায়ি লোঙ্গিরদের ক্রিয়ার কারন আহারন যাজকের
২২ পুত্র আইতমরের যারফত। এবং যিহুদার গোষ্ঠি হুরের পুত্র আওরির সুত বজলাল নির্ম্মান করিল
২৩ যে সমস্ত যিহুহা আজ্ঞা করিলেন মোশাকে। তাহার সাতে দনের গোষ্ঠির আহিসমমাখের পুত্র আহলি য়াব এক খোদকারক ও বুটাগার নীলা বাগুনীয় সিন্দুরীয় ও মেহি সুতার হেকমত কার্য্য কারক।
২৪ সমস্ত সোনা যাহা গঠন হইল পবিত্র স্থানের কাযের কারন সে উৎসর্গীয় সোনাই হইল ঊনত্রিশ টালন্ত ও সাত শত ত্রিশ শেকল পবিত্র

২৫ শেকলানুযায়ি এবং তাহারদের কণা যাহারা
গনন হইল যগুলির মধ্যে এক শত টালঞ্চ ও এক
হাজার সাত শত পচাত্তর শেকল পবিত্র শেকলা
২৬ নুযায়ি। প্রতি জন এক বকা তাহাই অর্দ্ধ
শেকল প্রতি জনের কারন পবিত্র শেকলানুযায়ি
তাহারদের কারন যাহারদের গনন হইতে
হইল কুড়ি বৎসর বয়ক্রম আর অধিক জন
লক্ষ তিন হাজার পাঁচ শত পঞ্চাশ লোক।
২৭ এবং সে এক শত টালঞ্চ কণায় সাঁচে গঠন
করিল পবিত্র তাম্বুর চুঙ্গি ও মধ্যি পরদার চুঙ্গি
এক শত টালঞ্চ এক শত চুঙ্গি এক২ টালঞ্চ এক২
২৮ চুঙ্গি। এবং সে এক হাজার সাত শত পচাত্তর
শেকলে গঠন করিল থামের আঁকড়া ও তাহারদের
মাতা ঠিকরি ও কলষ যুক্ত করিল তাহারদিগকে।
২৯ সে ওৎসর্গীয় পিতল সত্তরি টালঞ্চ দুই হাজার
৩০ চারি শত শেকল। তাহাতে গঠন করিল যগুলির
পবিত্র তাম্বুর দ্বারের চুঙ্গি ও পিতলের কুণ্ড ও ঝালর
তাহার কারন ও সমস্ত সামগ্রী কুণ্ডের কারন।
৩১ ওঠানের চারিদিগের চুঙ্গি ও ওঠানের দ্বারের চুঙ্গি
ও পবিত্র তাম্বুর সমস্ত গিল এবং ওঠানের চারি
দিগের সমস্ত গিল।

পর্ব্ব ৩৯

সে নীলা ও বাগুনীয় ও সিন্দুরীয় রঙ্গি দিয়া তাহারা
করিল ভজনের পরিচ্ছদ পবিত্র স্থানের ভজনা করিবার
জন্যে এবং পবিত্র পরিচ্ছদ আহারোনের কারন যে

২ যত য়িহুহা আজ্ঞা করিয়াছিলেন মোশাকে। সে
করিল আইফোদ জরি ও নীলা ও বাগুনীয় ও সিন্দুরীয়
৩ ও পাকানীয় মেহি সুতাতে। এবং তাহারা সোনা
পিটাইয়া পাতলা করিল নীলা ও বাগুনীয় ও
সিন্দুরীয় মেহি সুতায় একত্র করনের কারন হেকমত
৪ কার্য্য করিয়া। তাহার আঁচলা করিল একত্র
জোঁড়ার কারন তাহার একত্র জোড়া ছিল দুই
৫ কিনারার ওর। আইফোদের অপূর্ব্ব বন্ধ যাহা
তাহার ওর তাহা একই বস্তু তাহার কার্য্য
নুযায়ি জরি ও নীলা ও বাগুনীয় ও সিন্দুরীয়
ও পাকানীয় মেহি সুতায় যেমত য়িহুহা আজ্ঞা
করিয়াছিলেন মোশাকে।

৬ তাহারা সালিমালি পাথর কাটিয়া বসাইল সোনার
নগিনায় ও মহরের মত খোদকারি করিল য়িশরালের
৭ সন্তানেরদের নাম। এবং সে দিল আইফোদের স্কন্ধের
ওর য়িশরালের সন্তানেরদের স্মরনার্থের পাথর হও
নের কারন যেমত য়িহুহা আজ্ঞা দিয়াছিলেন মোশাকে।
৮ সে ও করিল জরি ও নীলা ও বাগুনীয় ও
সিন্দুরীয় ও পাকানীয় মেহি সুতার বুক পাটা।
৯ তাহা হইল চৌমুটে ও দোহারা এক বিঘত লম্বা ও এক
১০ বিঘত চৌড়া। তাহারা বসাইল চারি কাতার
পাথর আকিক ও পক্ষরাজ ও সবচরাগ এই হইল
১১ প্রথম কাতার। দ্বিতীয় কাতার পান্না ও নীলা
১২ ও হিরা। তৃতীয় কাতার লিগোর ও বসু ও
১৩ আমির। ও চতুর্থ কাতার নীলফেনা ও সালিমালি

ও অবরজদ তাহারা বসাইল তাহা সোনার নগিনায়
১৪ আপন জায়গায়। সে পাথর ইশরালের
সন্তানেরদের নামানুযায়ি মোহরের খোদকারি
মত ইহার প্রতি একং খানের ওপর তাহারদের নাম
১৫ তাহারদের বারো গোষ্ঠ্যনুযায়ি। ও তাহারা
নির্ম্মান করিল বুকপাটার মুড়ায় নিভাঁজ
১৬ সোনার জড়াও কাযের জিকলি। ও তাহারা
গঠন করিল সোনার নগিনা ও সোনার দুই অঙ্গুরি
পরে সে দুই অঙ্গুরি দিল বুকপাটার দুই মুড়ায়।
১৭ তাহারা ও দিল সোনার জড়াও কাযের দুই জিকলি
১৮ বুকপাটার মুড়ার দুই অঙ্গুরির মধ্যে। ও জড়াও
কাযের জিকলির দুই মুড়া বন্ধ করিল দুই
নগিনায় এবং তাহা দিল আইফদের কন্ধের ওপর
১৯ সন্মুখেরদিগে। তাহারা ও গড়াইল আর দুইটা
সোনার অঙ্গুরি এবং দিল তাহা বুকপাটার দুই
মুড়ায় সে কিনারায় যাহা আইফদের ভিতরে মুড়ায়।
২০ তাহারা ও গঠন করিল আর দুইটা অঙ্গুরি
ও দিল তাহা আইফদের নিচের দুই মুড়ায়
তাহার জোড়ের সন্মুখে আইফদের বিলক্ষন বন্ধের
২১ ওপর। ও তাহারা বন্ধ করিল সে বুকপাটা তাহার
অঙ্গুরিতে আইফদের অঙ্গুরির কাছে নীলা কোর দিয়া
তাহা আইফদের বিলক্ষন বন্ধের ওপর থাকনাথে
যেন বুকপাটা খসে না আইফদ হইতে যেমত
যিহুহা আজ্ঞা দিয়াছিলেন মোশাকে।
২২ সে ও করিল আইফদের দামন সমস্ত নীলা বুনা

২৩ ছের। সে দামনের মধ্যে স্থানে যুয়া রাখিল
পিত্তল কাষয়ের মত তাহা না ঘাড়নের কারন সঙ্খাব
২৪ ও দিল তাহার চারিদিগে। তাহারা ও করিল
সে দামনের সঙ্খাবে নীলা এবং বাগুনীয় ও
২৫ সিন্দুরীয় ও পাকনীয় সুতার দাড়িম্ব তাহারা ও গঠন
করিল নির্ভাজ সোনা ঘন্টিকা ও তাহা দিল
দাড়িম্বের মধ্যে২ দামনের নিম্নে সঙ্খাবের
ওপরে দামনের সকল সঙ্খাবের ওপর চারিদিগে
২৬ দাড়িম্বের মধ্যে২। একং ঘন্টা একং দাড়িম্ব
দামনের চারিদিগে যেমত য়িহুহা আজ্ঞা দিলেন
মোশাকে।

২৭ তাহারা ও করিল বুনাটের কাযের মেহি সুতার
২৮ কাবাই আহারন ও তাহার পুত্রেরদের কারন। ও
মেহি সুতার পাগ ও অপুর্ব্ব সুতার মৌড় ও মেহি
২৯ সুতার ইজার। ও বুটা কাযের মেহি সুতা নীলা
বাগুনীয় সিন্দুরীয় কমরবন্ধ যেমত য়িহুহা আজ্ঞা
করিয়াছিলেন মোশাকে।

৩০ তাহারা গঠন করিল পবিত্র টৌপরের পাতা নির্ভাজ
সোনার এবং এক লেখান লেখিল তাহার ওপরে মহ
৩১ রের মোদকারি মত তাহা এই বৈর্ম্ম য়িহুহার। ও
করিল তাহাতে নীলা ডোর পাগের ওপরে
বান্ধিতে যেমত য়িহুহা আজ্ঞা দিয়াছিলেন
মোশাকে।

৩২ এই মত পবিত্র তাম্বুর সমস্ত কায সাঙ্গ হইল
য়িশরালের সন্তানেরাই করিল যেমত য়িহুহা আজ্ঞা

দিয়াছিলেন মোশাকে সেই মত করিল তাহারা।
৩৩ ও তাহারা আনিল সে পবিত্র তাম্বু মোশার
কাছে তাম্বু ও তাহার সমস্ত সামগ্রী তাহার
মুদা তাহার তক্তা তাহার সাইগ্ তাহার থাম
৩৪ তাহার চুঙ্গি ও জোগ দেয়া মেষের চামড়ার
ঘটাটোপ ও শণ্ডরের চামড়ার ঘটাটোপ ও
৩৫ যাবাখানের পরদা ও সাক্ষিসিন্দুক তাহার
৩৬ সাইগ্ সুদ্ধ ও ক্রয়াসন ও মেজ ও তাহার
সমস্ত সামগ্রী ও দর্শনীয় রুটি ও নির্ভাজ
৩৭ সোনার গাজ প্রদীপ ও তাহার সকল প্রদীপ
ও তাহার সমস্ত সামগ্রী ও তৈল আলোর কারণ
৩৮ ও সোনার আগটা ও মর্দ্দনীয় তৈল ও সুগন্ধি মসলা
৩৯ ও পবিত্র তাম্বুর দ্বারের পরদা ও পিত্তলের কুণ্ড
তাহার পিত্তলের বালর ও সাইগ্ ও সমস্ত
৪০ সামগ্রী সুদ্ধ ও আবদান ও তাহার খুরা ও
ওঠানের পরদা তাহার থাম চুঙ্গি সমেত ও
ওঠানের দ্বারের পরদা তাহার তোর ও তাহার খিল
ও সে পবিত্র তাম্বুর সমস্ত ভজনের সামগ্রী মণ্ডলির
৪১ পবিত্র তাম্বুর কারণ ও ভজনের পরিচ্ছদ ভজনা
করিতে পবিত্র স্থানে ও আহারণ যাজকের পবিত্র
পরিচ্ছদ ও তাহার পুত্রেরদের পরিচ্ছদ যাজকতা
৪২ করণার্থে। যে সমস্ত য়িহুহা আজ্ঞা করিয়াছি
লেন মোশাকে সেই মতে য়িশনালের সন্তানেরা
৪৩ সকল কায করিল। মোশা দেখিল সমস্ত গঠন
ও দেখ তাহারা নির্ম্মান করিয়াছিল যেমত য়িহুহা

আজ্ঞা দিয়াছিলেন সেই মতে তাহারা করিয়াছিল
তাহাতে মোশা বর দিল তাহারদিগকে।

পর্ব্ব পরে যিহুহা এ কথা কহিলেন প্রথম মাসের
৪০ প্রথম দিবসে যাত্রা কর পবিত্র তাম্বু তাহাই মণ্ডলির
৩ পবিত্র তাম্বু। এবং রাখ তাহার মধ্যে সাক্ষি
সিন্দুক ও চাক সিন্দুক মাবরখানের পরদা দিয়া।
৪ তাহার মধ্যে মেজ রাখ ও সাজাইয়া রাখ তাহার
সকল সামগ্রী তাহার ওপর পরে গাচ প্রদীপ
৫ জ্বাল। সে সোনার আগিটা সুগন্ধি ধূপলার
কারন থুও সাক্ষিসিন্দুকের সম্মুখে ও দ্বারের
৬ পরদা দেহ পবিত্র তাম্বুতে। আহুতির কুণ্ড থুও
৭ মণ্ডলির পবিত্র তাম্বুর দ্বারের সম্মুখে। এবং
রাখ সে আবদান মণ্ডলির পবিত্র তাম্বু ও কুণ্ডের
৮ মধ্য স্থানে ও জল থুইও তাহার মধ্যে। পরে
যাত্রা কর ওঠানের পরদা ও চারিদিগে টাঙ্গাইয়া দিও
৯ ওঠানের দ্বারের পরদা। তৎপরে মর্দ্দনীয় তৈল
লইয়া অভিষেক কর পবিত্র তাম্বু ও যে সমস্ত আছে
তাহার মধ্যে এই মতে পবিত্র কর তাহা ও তাহার
সমস্ত সামগ্রী তাহাতে তাহা পবিত্র হবেক।
১০ অভিষেক কর আহুতির কুণ্ড ও তাহার সমস্ত সমগ্রী
ও পবিত্র কর সে কুণ্ড তাহাতে হবেক মহা পবিত্র
১১ কুণ্ড। এবং অভিষেক করিয়া পবিত্র করিও
১২ সে আবদান ও তাহার যুরা। তুমি ও আন
আহারন ও তাহার পুত্রেরদিগকে মণ্ডলির পবিত্র
তাম্বুর দ্বারের নিকট ও জলে স্নান করাও তাহার

৪৩ দিগিকে পরে সে পবিত্র পরিচ্ছদ দেহ আহারনের
গায় এবং অভিষেক করিয়া পবিত্র কর তাহাকে
৪৪ যাজকতা করনের কারন। তাহার পুত্রেরদিগিকে
৪৫ ও আনিয়া কাবাই পরাও পরে অভিষেক কর
তাহারদিগিকে তাহারদের পিতার অভিষেকানুযায়ি
তাহাতে তাহারা ও যাজকতা করিবেক তাহার
দের অভিষেক অবশ্যই হবেক তাহা তাহারদের
সদাকালের যাজকতার কারন তাহারদের পুরুষান
৪৬ ক্রমে। সেই মতে মোশা করিল যেমত যিহুয়া
আজ্ঞা করিয়াছিলেন তাহাকে।

৪৭ দ্বিতীয় বৎসরের প্রথম মাসের প্রথম দিনে পবিত্র
৪৮ তাম্বু খাড়া হইল। ও মোশা খাড়া করিল পবিত্র
তাম্বু ও মজবুত করিল চুঙ্গি ও তাহার তক্তা খাড়া
করিল ও তাহার বাতা দিল ও তাহার থাম খাড়া
৪৯ করিল। সে ও মেলা দিল তাম্বু পবিত্র তাম্বুর
ওপরে ও দিল তাহার ঘটাটোপ যেমত যিহুয়া
আজ্ঞা করিয়াছিলেন মোশাকে।

২০ সে ও লইয়া থুইল সাক্ষিপত্র সিন্দুকের মধ্যে
পরে সাইগ দিল সিন্দুকে ও কৃপাসন থুইল
২১ সিন্দুকের ওপরে। সে আনয়ন করিল সিন্দুক
পবিত্র তাম্বুর মধ্যে পরে মাঝখানের পরদা খাড়া
করিল ও ঢাকিল সে সাক্ষিসিন্দুক যেমত যিহুয়া
আজ্ঞা করিয়াছিলেন মোশাকে।

২২ সে ও মেজ থুইল সভুলির তাম্বুর মধ্যে পবিত্র
তাম্বুর উত্তরদিগে মাঝখানের পরদার বাহিরে।

২৩ ও সাজাইয়া থুইল তাহার ওপরে য়িহুহার বর্ত্তমান
যেমত য়িহুহা আজ্ঞা দিয়াছিলেন মোশাকে।
২৪ তারপর থুইল গাছ প্রদীপ মণ্ডলির তাম্বুর মধ্যে
২৫ যেতের সন্মুখে পবিত্র তাম্বুর দক্ষিনদিগে। এবং
প্রদীপ জ্বালিল য়িহুহার সন্মুখে যেমত য়িহুহা আজ্ঞা
দিয়াছিলেন মোশাকে।
২৬ তৎপরে থুইল সোনার আগিটা মণ্ডলির তাম্বুর
২৭ মধ্যে সাক্ষ্যস্থানের পরদার সন্মুখে। এবং
পোড়াইল সুগন্ধি ধূপ তাহার ওপর যেমত য়িহুহা
আজ্ঞা দিয়াছিলেন মোশাকে।
২৮ পরে তিনি টানাইয়া দিল পবিত্র তাম্বুর দ্বারের
২৯ পরদা ও থুইল যজ্ঞকুণ্ড মণ্ডলির পবিত্র তাম্বুর
দ্বারের নিকট তারপর আহুতি ও ভক্ষ দিল
তাহার ওপর যেমত য়িহুহা আজ্ঞা করিয়াছিলেন
মোশাকে।
৩০ অতঃপরে থুইল আবদান মণ্ডলির পবিত্র তাম্বু ও
কুণ্ডের মধ্যস্থলে ও জল থুইল ধৌয়নের কারণ।
৩১ তারপর মোশা ও আহারন ও তাহার পুত্রেরা
৩২ তাহারদের হাত পা ধুইল তাহার মধ্যে। মণ্ডলির
পবিত্র তাম্বুতে প্রবেশ করন ও কুণ্ডের নিকট যাওন
সময়ে তাহারা ধুইল যেমত য়িহুহা আজ্ঞা
৩৩ করিয়াছিলেন মোশাকে। ও উঠানের পরদা
খাড়া করিল পবিত্র তাম্বু ও কুণ্ডের চারিদিগে ও
টাঙ্গাইল উঠানের দ্বারের পরদা। এই মতে মোশা

সাধি করিল সে কার্য্য।

৩৪ পরে মেঘে ঢাকিল মণ্ডলির পবিত্র তাম্বু এবং
৩৫ য়িহুহার তেজ পূর্ণ হইল তাম্বুতে। তখন মোশা
মণ্ডলির পবিত্র তাম্বুর মধ্যে প্রবেশ করিতে পারিল
না মেঘ তাহার ওপরে ও পবিত্র তাম্বু তেজে পূর্ণ
৩৬ হওনার্থে। মেঘ পবিত্র তাম্বুর ওপর হইতে ঊর্দ্ধ গত
হইলে য়িশ্রায়েলের সন্তানেরা যাত্রা করিল তাহার
৩৭ দের সমস্ত যাত্রায়। কিন্তু যাবত মেঘ ঊর্দ্ধ গতি হয়
নাই তাবত তাহার যাত্রা করে নাই সেই দিন পর্য্যন্ত
৩৮ যাহাতে তাহা ঊর্দ্ধ গতি হয়। দিনে য়িহুহার মেঘ
হইল পবিত্র তাম্বুর ওপর এবং আগুন রাত্রিতে
য়িশ্রায়েলের সমস্ত বংশের দৃষ্টে তাহারদের
সমস্ত গমনে।

লেবীয় ব্যবস্থা।

১ পুথম পৰ্ব্ব।

১ য়িহুহা মোশাকে ডাকিলে মণ্ডলির পবিত্র
তাম্বু থাকিয়া এ কথা কহিলেন তাহার সহিত।
২ য়িশ্রায়েলের সন্তানেরদিগকে কহিয়া বল যদি তোমার
দের কোন কেহ নিবেদনার্থীয় আনে য়িহুহার কাছে
তবে তোমারদের নিবেদনার্থীয় হওক পশুগণ
৩ গরু কি মেষের পাল হইতেই যদি তাহার
নিবেদনার্থীয় গরু পাল হইতে হইয়া থাকে আহুতির
কারণ তবে আপনার ইচ্ছাক্রমে এক নিষ্কুঁতি আঁতিয়া
৪ উৎসর্গ করিয়া দিওক মণ্ডলির পবিত্র তাম্বুর দ্বারে
য়িহুহার সন্মুখে। পরে সে আহুতির মাথায়
হাত দিবে তাহা গৃহনিত হইবেক তাহার কারণ
৫ তাহার প্রায়শ্চিত্ত করিতে তারপর গরু যাবক
য়িহুহার সন্মুখে। ও আহারনের পুত্র
যাজক সে রক্ত আনিয়া ছড়াইয়া দিওক কণ্ডের
ওপরে চারিদিগে যাহা মণ্ডলির তাম্বুর দ্বারের
৬ নিকট। তখন সে আহুতি মারিয়া খণ্ড২ করুক
৭ এবং আহারন যাজকের পুত্রেরা আগুন দিওক
কুণ্ডের ওপর ও কাষ্ঠ সাজাইয়া দিওক আগুনের
৮ ওপর। আহারনের পুত্র যাজক সাজাইল থুক

সে টুকরা ও মুণ্ড ও চরবি কাষ্ঠের ওপর যাহা
৯ কুণ্ডের আগুনের ওপরে। কিন্তু তাহার নাড়িভুঁড়ি
এবং তাহার ঠেঙ্গ জলে ধুওক পরে যাজক সকল
পোড়াওক কুণ্ডের ওপর আহুতির কারন এই অগ্নিতে
ওৎসর্গের কারন য়িহুহার কাছে সুগন্ধের কারন।
১০ যদি তাহার ওৎসর্গ মেষ কি ছাগলের পাল
হইতে হইয়া থাকে আহুতির কারন তবে তাহা
১১ আনুক নিষ্কুঁতি এক পাঁঠা পরে তাহা যাবক কুণ্ডের
ওত্তরদিগে য়িহুহার সন্মুখে ও আহারনের পুত্র তাহার
রক্ত লইয়া ছড়াইয়া দিওক চারিদিগে কুণ্ডের ওপর।
১২ পরে তাহা কাটিয়া খণ্ড২ করক তাহার মুণ্ড চরবি
সমেত তারপর যাজক সাজাইয়া থুক কাষ্ঠের ওপর
১৩ যাহা কুণ্ডের আগুনের ওপরে। কিন্তু তাহার নাড়ি
ইত্যাদি ও ঠেঙ্গ জলে ধুক পরে যাজক সমস্ত আনিয়া
পোড়াওক কুণ্ডের ওপরে এই এক আহুতি এক
অগ্নিতে ওৎসর্গ য়িহুহার কাছে সুগন্ধ কারন।
১৪ যদি পক্ষী আহুতি হইয়া থাকে ওৎসর্গের কারন
য়িহুহার কাছে তবে সে তাহার ওৎসর্গ আনুক ঘুঘু
১৫ কি কবুতরের বাচ্চা পরে যাজক তাহা আনুক কুণ্ডের
কাছে ও তাহার ঘাড় মুচড়িয়া পোড়াওক কুণ্ডের ওপর
১৬ ও তাহার রক্ত ফেলাওক কুণ্ডের কাছে। তাহার থলা
ও তাহার পাখনা টানিয়া ফেলাওক এবং ফেলাইয়া
দিওক কুণ্ডের পূর্ব্বদিগে ছাই ফেলা স্থানের নিকট।
১৭ তাহা ডেনা সুদ্ধ মধ্যে চিরক কিন্তু দুই ভাগ করক না
পরে যাজক তাহা পোড়াওক কুণ্ডের ওপর আগুনের

ওপরের কাষ্ঠের ওপর এই এক আহুতি আগ্নিতে
ওৎসর্গ সুগন্ধি কারণ য়িহুহার কাছে।
পর্ব্ব যখন কোন প্রাণী চক্ক ওৎসর্গ করিতে চাহে
১ য়িহুহার কাছে তখন তাহার ওৎসর্গ হওক শাফ
২ ময়দা সে তাহাতে তৈল ও লবান দিওক তাঁর
পর তাহা আনুক আহারনের যাজক পুত্রেরদের
কাছে তখন সে এক মুটা ময়দা ও তৈল ও সকল
লবান লইলে যাজক পোড়াওক তাহা কুণ্ডের ওপর
স্মরনার্থের কারণ এই এক সুগন্ধ ওৎসর্গ
৩ আগুনেতে য়িহুহার কাছে। এবং সে চক
দানের বক্কি হবেক আহারন ও তাহার পুত্রের
দের তাহা এক মহা পবিত্র বস্তু য়িহুহার অগ্নিতে
ওৎসর্গ হইতে।
৪ যদি তন্দুরে জেকা ওৎসর্গ আনিয়া থাকে
তবে তাহা হওক শাফ সুজির বেখমির তৈল যুক্ত
কটি কি বেখমির তৈল মাখা মাজা।
৫ যদি তোমার ওৎসর্গ খোলায় জেকা চক হইয়া
থাকে তবে তাহা হওক বেখমির শাফ ময়দার
৬ তৈল মিশাইয়া। তাহা খণ্ড করিয়া তৈল ওপরে
দিও এই এক চক ওৎসর্গ।
৭ যদি তোমার ওৎসর্গ কড়ই ভাজা চক হইয়া
থাকে তবে তাহা হওক শাফ ময়দা তৈল
৮ মিশ্রিত। চক আন য়িহুহার কাছে ও তাহা
আনিয়া দিলে যাজকের কাছে সে আনুক তাহা
৯ কুণ্ডের কাছে তখন যাজক তাহার স্মরনার্থ

লইয়া পোড়াওক কণ্ডের ওপর এই এক সুগন্ধ
১০ ওৎসর্গ আগুনেতে য়িহুহার কাজে। সে
চক্ক ওৎসর্গের বক্রি হওক আহারন ও তাহার
পুত্রেরদের তাহা মহা পবিত্র বস্তু য়িহুহার অগ্নিতে
১১ ওৎসর্গ হইতে। কোন চক্ক ওৎসর্গ যাহা
আনিবা য়িহুহার কাজে আমির যুক্ত হওক না একারন
কোন আমির কি মধু পোড়াইতে ইহবে না য়িহুহার
অগ্নিতে ওৎসর্গে।

১২ প্রথম ফল ওৎসর্গ এই। তাহা ওৎসর্গ করিও
য়িহুহার কাজে কিন্তু তাহা পোড়ান হবেক না কুণ্ডের
১৩ ওপর সুগন্ধের কারন। তোমারদের প্রতি চক্ক
ওৎসর্গের সহিত লবন দিও কমি করিও না তোমার
দের ঈশ্বরের বন্দোবস্তের লবন তোমারদের চক্ক
ওৎসর্গতে তোমারদের সকল ওৎসর্গের সহিত
লবন ওৎসর্গ করিও।

১৪ যদি ওৎসর্গ করিয়া থাকে তোমারদের প্রথম
ফলের চক্ক য়িহুহার কাজে তবে ওৎসর্গ কর
তোমারদের প্রথম ফলের চক্ক পুরীন সবুজ পুর্ন শিস
১৫ আগুনে সুস্ক শিসেতে মাড়া দানা। তাহাতে
তৈল ও লবান দিয়া তাহা এক চক্ক ওৎসর্গ।
১৬ যাজক পোড়াওক তাহার স্মরনার্থ তাহার কিছু
মাড়া দানা ও তৈল ও তাহার সমস্ত লবান এই এক
অগ্নিতে ওৎসর্গ য়িহুহার কাজে।

পর্ব্ব ৩ যদি তাহার ওৎসর্গ মঙ্গলায়ন বলিদান হইয়া
থাকে যদি গরুগান হইতে আনিয়া কি গাভী তবে

তাহা ৎ-সর্গ করুক নিষ্কুঁতি য়িহুহার সন্মুখে।
১ ও সে তাহার হাত ৎ-সর্গের মাথায় দিয়া যাকুক
মণ্ডলির পবিত্র তাম্বুর দ্বারের কাছে পরে আহারনের
যাজক পুত্রেরা রক্ত ছড়াইয়া দিওক সে রক্ত কুণ্ডের উপর
৩ চারিদিগে। এবং অগ্নি দিয়া ৎ-সর্গ করুক
সে মঙ্গলায়ন বলিদানের কিছু য়িহুহার কাছে
তাহার নাড়িভুঁড়ি ঢাকা চরবি ও সমস্ত চরবি যাহা
৪ নাড়িভুঁড়ির উপর ও দুই গিলা ও তাহার উপরের
চরবি এবং মাটীয়ার উপরের চাদর গিলা সুদ্ধ
৫ এই সমস্ত আলাদা করুক পরে আহারনের
পুত্রেরা তাহা পোড়াওক কুণ্ডের আহুতির উপর
যাহা আগুনের কাষ্ঠের উপর এই এক আগুনেতে
সুগন্ধি ৎ-সর্গ য়িহুহার কাছে।

৬ যদি তাহার মঙ্গলায়ন ৎ-সর্গ য়িহুহার কাছে
মেষগণ হইতে যদি কি পাঁঠা হইয়া থাকে
৭ তবে তাহা নিষ্কুঁতি ৎ-সর্গ করুক। যদি মেষের
বাচ্চা দিতে চাহে তাহার ৎ-সর্গের কারণ তবে
৮ তাহা ৎ-সর্গ করুক য়িহুহার সন্মুখে। সে
তাহার হাত ৎ-সর্গের মাথায় দিয়া যাকুক
মণ্ডলির পবিত্র তাম্বুর কাছে পরে আহারনের
পুত্রেরা রক্ত ছড়াইয়া দিওক কুণ্ডের উপরে
৯ চারিদিগে। সে অগ্নি দিয়া ৎ-সর্গ করুক
মঙ্গলায়ন ৎ-সর্গের কিছু চরবি ও সমস্ত
পাছা তাহা লওক দাঁড়া তাগাদি ও নাড়িভুঁড়ি
ঢাকা চরবি ও সে সমস্ত চরবি যাহা থাকে

১০ নাভিভুঁড়ির ওপরে ও দুই গিলা ও তাহার
দের ওপরের চরবি যাহা কোঁকে ও মাষ্টীয়ার
ওপরের চাদর গিলা সুদ্ধ সে তাহাই আলাদা
১১ করুক। যাজক তাহা পোড়াওক কুণ্ডের ওপর
এই পোড়ানের ভক্ষ্য য়িহুহার কাছে।
১২ যদি তাহার ওৎসর্গ ছাগল হইয়া থাকে সে
১৩ তাহা ওৎসর্গ করুক য়িহুহার সম্মুখে ও
তাহার মাথার ওপরে হাত দিয়া যাজক যগুলির
পবিত্র তাম্বুর সম্মুখে পরে তাহারদের পুত্রেরা সে
রক্ত ছড়াইয়া দিওক কুণ্ডের ওপরে চারিদিগে।
১৪ এবং য়িহুহার কারন অগ্নি দিয়া ওৎসর্গ করুক
তাহার ওৎসর্গের কিডু নাভিভুঁড়ি ঢাকা চরবি ও
১৫ সমস্ত চরবি যাহা থাকে নাভিভুঁড়ির ওপরে ও
দুইটা গিলা ও তাহার ওপরের চরবি যাহা
কোঁকে ও মাষ্টীয়ার ওপরের চাদর গিলা সুদ্ধই
১৬ তাহা আলাদা করুক। এবং যাজক তাহা
পোড়াওক কুণ্ডের ওপর এই পোড়ানের ভক্ষ্য
সুগান্ধের কারন সমস্তই চরবি য়িহুহার কারন
১৭ এই সদাকালের বিধি তোমারদের পুরুষানুক্রমে
তোমারদের সমস্ত বসতিতে কোনই চরবি কি রক্ত
খাইও না।

পর্ব্ব ৪ য়িহুহা ও এ কথা কহিলেন মোশাকে কহ
য়িশরালের সন্তানেরদিগকে যদি কোন প্রাণী
অজ্ঞাত পাপ করে য়িহুহার আজ্ঞার বিপরিতে

অকর্ত্তব্য বিষয়তে ও কিছু করে তাহার
৩ বিপরিতে যদি অভিষেকী যাজক পাপ করে
লোকের পাপানুযায়ি তবে সে আনুক তাহার
সে কৃত পাপের কারন এক নিষ্কুঁতি আঁড়িয়া বাছুর
৪ য়িহুহার কাছে পাপের ৎ-সর্গের কারন। এবং
সে আঁড়িয়া মণ্ডলির পবিত্র তাম্বুর দ্বারের কাছে
য়িহুহার সন্মুখে আনিয়া হাত দিওক তাহার
মাথায় ও মারুক সে আঁড়িয়া য়িহুহার সন্মুখে।
৫ এবং অভিষেকী যাজক সে আড়িয়ার কিছু রক্ত
৬ লইয়া আনুক মণ্ডলির পবিত্র তাম্বুর কাছে। পরে
যাজক তাহার অঙ্গুলি রক্তে ডুবাইয়া সাত
বার রক্ত ছিটাইয়া দিওক য়িহুহার সন্মুখে পবিত্র
৭ স্থানের মাঝে পরদার সন্মুখে। ও যাজক কিঞ্চিৎ
রক্ত দিওক য়িহুহার সন্মুখে আগুটার শৃঙ্গের ওপর
যাহা মণ্ডলির পবিত্র তাম্বুর মধ্যে ও সে আঁড়িয়ার
সমস্ত রক্ত ঢালিয়া দিওক আহুতি কুণ্ডের নিচে যাহা
৮ মণ্ডলির পবিত্র তাম্বুর দ্বারের নিকট। সে ও
আলাদা করুক আঁড়িয়ার সমস্ত চরবি পাপ
ৎ-সর্গের কারন নাড়িভুঁড়ি ঢাকা চরবি ও
৯ নাড়িভুঁড়ির ওপরে সমস্ত চরবি ও দুই গিলা
ও তাহার ওপরের চরবি যাহা কোঁকের মধ্যে
ও মাটীয়ার ওপরের চাদর ও গিলা এই
১০ সকল আলাদা করুক যেমত আলাদা হইল
মঙ্গলার্থক বলিদানের আঁড়িয়া হইতে। পরে

১১ যাজক পোড়াওক তাহা যজ্ঞকুণ্ডের ওপর। সে
আঁড়িয়ার চামড়া ও তাহার সমস্ত মাংস ও মুণ্ড
১২ ও ঠেঙ্গ ও নাড়িভুঁড়ি ও গোময় সমস্ত আঁড়িয়াই
লইয়া যাওক সৈন্য স্থলির বাহিরে পরিস্থার স্থানে
যে স্থানেই ছাই ফেলায় ও তাহা অগ্নিতে পোড়াওক
কাষ্ঠের ওপর ছাই ফেলা স্থানেই তাহা পোড়ান
হওক।

১৩ যদি য়িস্রায়েলের সমস্ত মণ্ডলি অজ্ঞাত পাপ করে
১৪ ও তাহা সভার অগোচর হইয়া থাকে ও তাহারা
কোন অকর্ত্তব্য কার্য্য করিয়া অপরাধি হইয়া
থাকে য়িহোবার কোন আজ্ঞার বিপরিতে সে
তাহারদের কৃত পাপ জ্ঞাত হইলে মণ্ডলি ওৎসর্গ
করুক আঁড়িয়া বাছুর সে পাপের কারন ও তাহা
১৫ মণ্ডলির তাম্বুর দ্বারের সন্মুখে আনিয়া মণ্ডলির
প্রাচীনেরা হাত দিওক সে আঁড়িয়ার মাথায় য়িহোবার
সন্মুখে পরে সে আঁড়িয়া মারা হওক য়িহোবার
১৬ বিদ্যমান। পরে অভিষেকী যাজক আনুক সে
আঁড়িয়ার কিছু রক্ত মণ্ডলির তাম্বুর কাছে ও
১৭ যাজক তাহার সে রক্তে অঙ্গুলি ডুবাইয়া ছিটাইয়া
দিওক সাত বার য়িহোবার বস্তুয়াল মাধ্যখানে
১৮ পরদার সন্মুখে। পরে কিছু রক্ত দিওক কুণ্ডের
শৃঙ্গের ওপর যাহা য়িহোবার সন্মুখে মণ্ডলির পবিত্র
তাম্বুর মধ্যে পরে ঢালিয়া দিওক সে সমস্ত রক্ত
যজ্ঞকুণ্ডের নিচে যাহা আছে মণ্ডলির পবিত্র তাম্বুর
১৯ দ্বারের কাছে। পরে তাহার সমস্ত চরবি বাহির

১০ করিয়া পোড়াওক কুণ্ডের ওপরে। সে আঁতিয়ার ক্রিয়া
করিতে হবে পাপের ওৎসর্গর আঁতিয়ার মত সেই
মত তাহা করুক ও যাজক প্রায়শ্চিত্ত করুক তাহার
দের কারন পরে তাহা মাফ হইবে তাহারদিগকে।
১১ সে আঁতিয়া সৈন্যর স্থানের বাহিরে বহিয়া
পোড়াওক যায় আঁতিয়ার মত এই পাপের ওৎসর্গ
মণ্ডলির কারন।

১২ যদি কোন অধ্যক্ষ অজ্ঞাত পাপ করে ও তাহার
ঈশ্বর যিহুহার কোন আজ্ঞার বিপরিতে অকর্ত্তব্য
১৩ কার্য্য করিয়া অপরাধি হয়। যদি তাহার
সে কৃত পাপ তাহার জ্ঞানে আইসে তবে
সে আনুক তাহার ওৎসর্গ এক নিষ্কুঁতি পাঁঠা
১৪ ছাগল। সে তাহার হাত দিওক ছাগলের মাথায়
ও তাহা যাকক যেখানে আহুতি মারা যায় যিহুহার
১৫ বিদ্যমান এই পাপের ওৎসর্গ। যাজক সে
পাপের ওৎসর্গের কিছু রক্ত অঙ্গুলি করিয়া দিওক
যজ্ঞকুণ্ডের শৃঙ্গে এবং ঢালিয়া দিওক তাহার রক্ত
১৬ কুণ্ডের নিচে। ও তাহার সমস্ত চরবি পোড়াওক
কুণ্ডের ওপরে মঙ্গলায়ন বলিদানের চরবির মত পরে
যাজক করুক প্রায়শ্চিত্ত তাহার কারন তাহার
পাপের বিষয় ও তাহা মাফ হবেক।

১৭ যদি কোন ইতর লোক অজ্ঞাত পাপ করে অকর্ত্তব্য
করিয়া যিহুহার কোন আজ্ঞার বিপরিতে তাহাতে
১৮ অপরাধি হয় যদি তাহার সে কৃত পাপ
তাহার মনে পড়ে তবে সে আনুক তাহার ওৎসর্গ

এক নিষ্কুঁতি জাগানের বাছা তাহার পাপের কারণ
২৯ যাহা করিয়াছে। সে তাহার হাত পাপের
ওৎ-সর্গের মাথায় দিয়া ওৎ-সর্গ যাজক
৩০ আহুতির স্থানে। পরে যাজক তাহার কিছু রক্ত
অঙ্গুলি করিয়া দিওক যজ্ঞকুণ্ডের শৃঙ্গের ওপর ও
৩১ চালিয়া দিওক সমস্ত রক্ত কুণ্ডের নিচে। সে ও তাহার
সমস্ত চরবি লওক যে মতে লইল মঙ্গলায়ন বলি
দানের চরবি ও যাজক পোড়াওক তাহা কুণ্ডের ওপর
সুগন্ধের কারণ য়িহুহার বর্ত্তমান তৎপরে যাজক
প্রায়শ্চিত্ত করুক তাহার কারণ এবং তাহাকে মাফ
৩২ করা হবেক। যদি মেষের বাছা পাপের ওৎ-সর্গের
কারণ আনিতে চাহে তবে তাহা আনুক এক নিষ্কুঁতি
৩৩ মাদি। ও তাহার হাত পাপের ওৎ-সর্গের
মাথায় দিয়া যাজক তাহা পাপোৎ-সর্গের কারণ
৩৪ যেখানে আহুতি মারে। ও যাজক তাহার
অঙ্গুলিতে রক্ত লইয়া দিওক যজ্ঞকুণ্ডের শৃঙ্গের ওপরে
পরে তাহার সমস্ত রক্ত চালিয়া দিওক যজ্ঞ কুণ্ডের
৩৫ তলায় এবং সে তাহার সমস্ত চরবি লওক যেমত
মঙ্গলায়ন বলিদানের মেষের বাছার চরবি লয়া হইল ও
যাজক পোড়াওক তাহা কুণ্ডের ওপর য়িহুহার বর্ত্তমান
আহুতি পোড়ানানুযায়ি যাজক ও করুক প্রায়শ্চিত্ত
তাহার পাপের কারণ যাহা করিয়াছে ও তাহা মাফ
হইবে তাহাকে।

পর্ব্ব ৫ যদি কোন প্রাণী পাপ করে ও কিরার কথা শুনিয়া
সাক্ষী হয় যে তাহা দেখিয়া কি জানিয়া থাকে ও

যদি সে তাহা কহে না তবে সে ভোগ করিবেক
২ আপনার অযথার্থ কিম্বা কোন প্রাণী কোন
অপবিত্র বস্তু অপবিত্র বন পশুর মরা কি অপবিত্র
পশুর মরা কি অপবিত্র ভরগের মরা
অজ্ঞাত স্পর্শ করে তবেই সে হবেক অপবিত্র এবং
৩ অপরাধি কিম্বা মানুষেরদের কোন অপবিত্রতা
যাহাতে মানুষ অশুচি হয় তাহা যদি অজ্ঞাত
স্পর্শ করে তবে সে তাহা জানিলে অপরাধি
৪ হইবেক কি যদি কোন প্রাণী জুয়াতে কিরা করে
সুক্রিয়া কি কুক্রিয়া করিতে মনুষ্যের কোন কিরা
করিয়া ও তাহা অজ্ঞাত হয় তবে সে তাহা জানিয়া
৫ এহেতে অপরাধি হবেক কেহ ও এ কোন
কার্য্যেতে অপরাধি হইলে স্বীকার করুক যে
৬ সেই মত পাপ করিয়াছে। পরে তাহার
ঘাইট ওৎসর্গ আনুক য়িহুহার কাছে সে পাপের
কারন যাহা করিল পশুপালের এক স্ত্রেঘী
কি ছাগী বাচ্চা পাপোৎসর্গের কারন এবং যাজক
৭ প্রায়শ্চিত্ত করুক তাহার পাপের জন্য যদি সে এক
মেষের বাচ্চা আনিতে পারে না তবে আনুক
তাহার ঘাইটের কারন দুইটা ঘুঘু কি দুইটা
কবুতরের বাচ্চা য়িহুহার কাছে একটা পাপ
ওৎসর্গের কারন আর একটা আহুতির কারন।
৮ সে আনুক তাহারদিগকে যাজকের ঠাঁই ও সে প্রথম
ওৎসর্গ করুক পাপের কারন এবং তাহার মাথা
মুচড়িয়া দিউক তাহার ঘাড় হইতে কিন্তু তাহা দুই

৯ স্নান করুক না। পরে ছিটাইয়া দিউক পাপ
ওৎসর্গের রক্ত কুণ্ডের গায়ে এবং বক্রি রক্ত নিষ্কাশিয়া
১০ ফেলুক কুণ্ডের নিচে এই পাপের ওৎসর্গ। তার
পর ওৎসর্গ করুক দ্বিতীয় আহুতির কারন ব্যবস্থার
মত ও যাজক করুক প্রায়শ্চিত্য তাহার সে
পাপের কারন যাহা করিল ও তাহাতে মাফ করা
হবেক।

১১ কিন্তু যদি আনিতে পারে না দুইটা ঘুঘু কি দুইটা
কবুতরের বাচ্চা তবে সে পাপি ওৎসর্গের
কারন আনুক আইফার দশমাংশ ময়দা পাপশ্চিত্যের
কারন সে কিছু তৈল কি লবান দিউক না
তাহার ওপর একারন তা পাপের ওৎসর্গ।
১২ পরে সে আনুক তাহা যাজকের ঠাঁই ও যাজক
এক মুটা তাহার স্মরনার্থই লইয়া পোড়াউক
কুণ্ডের ওপরে যিহোবার আগুন কৃত ওৎসর্গানিযাহি
১৩ এই পাপ ওৎসর্গ। পরে যাজক করুক
প্রায়শ্চিত্য তাহার কারন তাহার পাপের বিষয়
যাহা করিল ইহার কোন কার্য্যে এবং তাহা
মাফ করা হবেক তৎপরে বক্রি হউক যাজকের
শস্যদানের মত।

১৪ যিহোবা ও এ কথা কহিলেন মোশাকে। যদি কোন
১৫ প্রাণী অজ্ঞাত ঘাইট করে যিহোবার পবিত্র বস্তুতে তবে
সে আনুক তাহার ঘাইটের কারন যিহোবার কাছে
নিষ্কলঙ্ক এক মেষ পাল হইতে তোমার আন্দাজের

ঈশ্বর শেকল সুদ্ধ পবিত্র শেকলানুযায়ি ঘাইটের
১৬ ওৎসর্গের কারণ। সে ও নিস্পা করুক সে
পবিত্র বস্তু যাহা মন্দ করিয়াছে ও তাহার
পঞ্চমাংশ অধিক দিলে দিওক যাজকেরে পরে
যাজক সে ঘাইট ওৎসর্গ মেষেতে তাহার প্রায়শ্চিত্ত
করুক ও তাহাতে তাহা মাফ করা হবেক।

১৭ যদি কোন প্রাণী পাপ করে ও কোন কার্য্য অজ্ঞাত
করে যাহা য়িহুহার মানা হইল তাহা না জানিলে
তত্রাপি সে অপরাধি এবং অযথার্থ ভোগ
১৮ করিবে সে আনুক যাজকের কাছে নিষ্খুঁতি এক
মেষ পাল হইতে তোমার আন্দাজ সহিত ঘাইটের
ওৎসর্গের কারণ এবং যাজক করুক প্রায়শ্চিত্ত
১৯ তাহার অজ্ঞাত পাপের কারণ ও তাহা মাফ করা
হবেক এই ঘাইটের ওৎসর্গ সে নিতান্ত ঘাইট
য়িহুহার করিয়াছে বিপরিতে।

পর্ব্ব ৬ য়িহুহা এ কথা কহিলেন মোশাকে যদি কোন
প্রাণী পাপ ও চুক করে য়িহুহার বিপরিতে ও
মিথ্যা কথা কহে তাহার প্রতিবাসীকে তাহার কোন
গচ্ছিত বস্তু কি ভাগী কার্য্য কি কোন বস্তু জোর
করিয়া লওনের বিষয় কি ফাকি দিয়াছে তাহার
৩ প্রতিবাসীকে কিম্বা হরণীয় কোন বস্তু পাইয়া
মিথ্যা কহে ও মিথ্যা কিরা করে তাহার বিষয়
ইহার কোন দফাতে যদি কেহ পাপ করিয়া থাকে
৪ সে পাপ করিয়া অপরাধি আছে অতএব সে ফিরিয়া

দিওক তাহা যাহা জবরদস্তি করিয়া লইয়াছে কি
যাহা যাকিতে পাইয়াছে কি সে গচ্ছিত কি
৫ হরণীয় বস্তু যাহা পাইয়াছে কি সে সমস্ত যাহার
বিষয় মিথ্যা কিরা করিয়াছে সে তাহার আসল
ও পঞ্চমাংশ অধিক ফিরিয়া দিওক তাহাকে
৬ যাহার হয় তাহার চুকের ওৎসর্গের দিবসে। সে
ও আনুক তাহার চুকের নিবেদনার্থীয় য়িহুহার কাছে
নিষ্কুঁতি এক মেষ পাল হইতে তোমার বরাওর্দ্ধ সুদ্ধ
৭ চুকের ওৎসর্গের কারন যাজকের কাছে। তারপর
যাজক করুক প্রায়শ্চিত্ত তাহার কারন য়িহুহার
বর্ত্তমান ও তাহা মাফ হবে তাহার যে কোন কার্য্যে
চুকিয়াছে তাহার বিষয়।

৮ য়িহুহা ও এ কথা কহিলেন মোশাকে আজ্ঞা কর
৯ আহারন ও তাহার পুত্রেরদিগকে এই আহুতির
বিধান কুণ্ডের ওপর সমস্ত রাত্রি প্রভাত পর্য্যন্ত
পোড়ন ও যজ্ঞ কুণ্ডের আগুন প্রজ্বলিৎ থাকনের
১০ নিমিত্ত বলে আহুতি। যাজক তাহার কাপড়ের
পরিচ্ছদ ও তাঙ্গা গায় দিয়া আহুতির অগ্নিকৃত
ছাই যাহা যজ্ঞকুণ্ডের ওপর লইয়া রাখুক
১১ যজ্ঞকুণ্ডের নিকট। পরে তাহার পরিচ্ছদ
বদলাইয়া সে ছাই লইয়া যাওক শৈন্য স্থলির
১২ বাহিরে পরিস্কার জায়গায়। আগুন প্রজ্বলিৎ
থাকিবেক যজ্ঞকুণ্ডের ওপর তাহা নির্বান
হওক না যাজক তাহার ওপর কাষ্ঠ দিওক ও

আহুতি সাজাওক তাহার ওপরে পুতি পাতে এবং-
১৩ পোড়াওক তাহার ওপরে সুস্থায়নের চরবি। সে
আগুন সদং- পুজ্বলিত থাকুক কুণ্ডের ওপর কদাচ
নিবর্ব্বান হওক না।

১৪ এই চরু ওৎ-সর্গের বিধান। আহারনের পুত্রেরা
তাহা ওৎ-সর্গ করুক য়িহুহার কাছে যজ্ঞ কুণ্ডের
১৫ সম্মুখে এবং- সে লওক চরুর শুজি ও তৈলের এক
মুটা ও সমস্ত লবান যাহা চরুর ওপর পরে তাহা
পোড়াওক যজ্ঞকুণ্ডর ওপর সুগন্ধের কারন তাহার
১৬ স্মরনার্থের জন্যেই য়িহুহার গোচরে। তাহার বক্রি
আহারন ও তাহার পুত্রেরা খাওক তাহা খাওয়া
হওক পবিত্র স্থানে বেথমির কচির সহিত মণ্ডলির
পবিত্র তাম্বুর ওঠানের মধ্যেই তাহারা তাহা খাওক
১৭ তাহা খামির সহিং- জেকা হওক না আমি তা দিয়াজি
আমার অগ্নিকৃত ওৎ-সর্গ হইতে তাহারদের
ভাগের কারন তাহাই মহা পবিত্র যেমত পাপ ও চুক
১৮ ওৎ-সর্গ আহারনের সমস্ত পুরুষ সন্তান তাহা
খাওক এই সদাকালের বিধি তোমারদের পুরুষানু
ক্রমে য়িহুহার অগ্নিকৃত ওৎ-সর্গের বিষয় যে
কেহ তাহা স্পর্শ করে সে শুচি হবেক।

১৯ য়িহুহা ও এ কথা কহিলেন মোশাকে এই
২০ আহারন ও তাহার পুত্রেরদের নিবেদনাথ্যি যাহা
তাহারা ওৎ-সর্গ করিবেক য়িহুহার কাছে তাহারদের

অভিষেকের দিনে আইজকার দশাংশ ভাল শুজি সদা
কালের চক্কর কারন তাহার অর্দ্ধ হবে প্রাতে অর্দ্ধ
২১ সায়ং-কালে তাহা তৈল দিয়া যোলায় ভাজা হওক
তাহা করিয়া ভিতরে আন ও সে চক্কর ভাজা টুকরি
ওৎসর্গ কর সুগন্ধির কারন য়িহুহার কাছে।
২২ তাহার সন্তানের যে যাজক অভিষিক্ত হয় তাহার
বদলে সে তাহা করুক এই সদা কালের বিধি
য়িহুহার কাছে তাহা সমস্ত পোড়াইতে হবেক
২৩ প্রতি চক্ক যাজকের কারন পোড়ান হবেক তাহা
খাইতে হবে না।

২৪ য়িহুহা কহিলেন এ কথা মোশাকে এই কথা কহ
২৫ আহারন ও তাহার পুত্রেরদিগকে এই পাপ
ওৎসর্গের বিধান। যে স্থানে আহুতির ওৎসর্গ
বলিদান হয় সেই স্থানে পাপ ওৎসর্গ বলিদান
হওক য়িহুহার সম্মুখে এই মহা পবিত্র যে
২৬ যাজক ওৎসর্গ করে পাপের কারন সে
তাহা খাওক পবিত্র স্থানেই তাহা খাইতে হবেক
২৭ মণ্ডলির পবিত্র তাম্বুর ওঠানে কোন বস্তু তাহার মাংস
ছুইলে শুচি হবেক ও তাহার রক্তে ছিটা কোন
পরিচ্ছদের ওপর পড়িলে তবে ধুইয়া ফেল সে ছিটা
২৮ পবিত্র স্থানে কিন্তু হাঁড়ি যাহার মধ্যে সিদ্ধ
হইয়াছে তাহা ভাঙ্গিয়া ফেলাইতে হবেক ও যদি
সিদ্ধ হয় পিতলের বহুণ্ডনায় তবে তাহা মাজিয়া
২৯ ধুইয়া ফেলাওক যাজকেরদের সমস্ত পুরুষেরা

৩০ তাহা খাইতে পাইবেক। এই মহা পবিত্র। কোন পাপ
ওৎসর্গ যাহার কিছু রক্ত আনয়ন হয় মণ্ডলির
পবিত্র তাম্বুর মধ্যে মিলন করিতে পবিত্র স্থানে
তাহা খাওয়া হইবেক না তাহা অগ্নিতে পোড়ান
হওক।

পর্ব্ব ৭ এই ও চুকের ওৎসর্গের বিধান। তাহাই মহা
পবিত্র। যেখানে আহুতির বলিদান করিল সেই
স্থানে চুকের ওৎসর্গ বলিদান করিবেক ও তাহার
রক্ত ছড়াইয়া দিওক চারিদিগে যজ্ঞকুণ্ডের ওপরে।
৩ পরে ওৎসর্গ করিয়া দিওক তাহার সমস্ত চরবি
৪ ও তাহার পাছা ও ভুঁড়িবেড়া চরবি ও দুইটা গিলা
ও তাহার ওপরের চরবি যাহা কোঁকের নিকট ও
মাটীয়ার ওপরের চাদর গিলা সুদ্ধা তাহা জুদা
৫ করুক। পরে যাজক তাহা পোড়াওক যজ্ঞ
কুণ্ডের ওপর অগ্নিকৃত ওৎসর্গের কারন
৬ য়িহুহার কাজে। এই চুকের বলিদান। যাজকের
সকল পুরুষেরা তাহা খাইতে পাইবেক তাহা খাওয়া
৭ হওক পবিত্র স্থানে। এই মহা পবিত্র বস্তু। যে মত
পাপ ওৎসর্গ সেই মত চুকের ওৎসর্গ তাহারদের
এক বিধান যে যাজক তাহা দিয়া প্রায়শ্চিত্য করে সে
৮ তাহা পাইবেক। যে যাজক কোন কাহার আহুতি
ওৎসর্গ করে সে যাজক আপনার কারন পাবেক
সে আহুতির চামড়া যাহা ওৎসর্গ করিয়াছে।
৯ যে সমস্ত চরু তন্দুরে রেকা ও যে সমস্ত কড়াই কি
খোলায় ভাজা তাই যাজকের হবেক যে তাহা ওৎসর্গ

১০ করে। প্রতি ওৎসর্গ হক যাহা তৈলাক্ত কি
শুকান সে সমস্ত আহারনের পুত্রেরা পাবে এক
জন আর এক জনের মত।

১১ এই সুস্ত্যয়ন বলিদানের বিধান যাহা কেহ
১২ ওৎসর্গ করে য়িহুহার কাছে। যদি সে ওৎসর্গ
করিয়া দেয় সোকরের কারন তখন সুস্ত্যয়ন ওৎসর্গ
করিয়া দিওক তৈলাক্ত বেখমির রুটি ও তৈল মাখানীয়
বেখমির যাতা ও তৈলাক্ত ভাল শুজির ভাজা রুটি
১৩ সে রুটি চাড়া ওৎসর্গ করিয়া দিওক যামির যুক্ত
পাওরুটি তাহার সোকর করন সুস্ত্যয়নের বলিদানের
১৪ সহিত। তাহার একটা ওৎসর্গ করিয়া দিওক
প্রদর্শনের কারন য়িহুহার কাছে তাহা হবেক
১৫ যাজকের যে ছড়াইয়া দেয় সস্ত্যয়নের রক্ত। সে
সুস্ত্যয়ন বলিদানের মাংস সোকর দেওনের জন্য
যে দিনে ওৎসর্গ করে সে দিনে খাওয়া হওক তাহা
১৬ কিছু বক্রি থাকুক না প্রভাত পর্য্যন্ত। কিন্তু যদি তাহার
নিবেদনার্থীয় বলিদান মানন কি ঐচ্ছুক ওৎসর্গ হয়
তবে তাহা খাওয়া হবেক সেই দিনে যাহাতে ওৎসর্গ
হইয়াছে ও পর দিবসে বক্রি ও খাওয়া হইতে পারে
১৭ কিন্তু বলিদানের বক্রি মাংস তৃতীয় দিবসে আগুনে
১৮ পোড়ান হওক যদি কাহার সুস্ত্যয়ন বলিদানের
কিছু মাংস খাওয়া হয় তৃতীয় দিবসে তবে তাহা
গ্রাহ্য হবেক না ও তাহার কিছু ফল হইবে না যে তাহা
ওৎসর্গ করিয়া দিল তাহা আছে ঘৃনিত বস্তু যে প্রাণী
১৯ তাহা খায় সে আপনার পাপ ভোগ করিবেক। যে

মাংস জোয় কোন অপবিত্র বস্তু তাহা খাওয়া হবেক
না তাহা পোড়ান হওক সমস্ত পবিত্র লোক সে
২০ মাংস খাইতে পারে। কিন্তু যে প্রাণী অপবিত্র
থাকিয়া খায় মঙ্গলার্থক বলিদানের মাংস যাহা
য়িহুহার সেই প্রাণী ছেদন হবেক তাহার লোক হইতে।
২১ ও যে প্রাণী কোন অপবিত্রতা মানুষের অপবিত্রতাই
কি অপবিত্র পশু কি কোন ঘৃণিত অপবিত্র বস্তু স্পর্শ
করিয়া য়িহুহার মঙ্গলার্থক বলিদানের কিছু মাংস
খায় সেই প্রাণী ছেদন হবেক তাহার লোক হইতে।

২২ য়িহুহা এ কথা কহিলেন মোশাকে এই কথা কহ
২৩ য়িশরালের সন্তানেরদিগকে তোমরা কোন প্রকার
চরবি খাইও না গরুর কি মেষের কি ছাগলের
২৪ এবং আপন হইতে মরা ও পশুতে চিরা পশুর
চরবি আর কোন কাযে লাগিবেক কিন্তু তাহা কোন
২৫ মতে খাওয়া হবেক না কেহ সে জন্তুর চরবি
খাইলে যাহালোকেরা অগ্নিতে ওৎসর্গ করে
য়িহুহার কাছে সেই প্রাণী ছেদন হবেক তাহার
২৬ লোক হইতে। তোমারদের কোন বসতিতে কোন
২৭ প্রকার রক্ত খাইও না পক্ষীর কি পশুর হওক যে
কেহ খায় কোন প্রকার রক্ত সে প্রাণী ছেদন
হবেক তাহার লোকেরদিগ হইতে।

২৮ য়িহুহা এ কথা কহিলেন মোশাকে।
২৯ কহ য়িশরালের সন্তানেরদিগকে যে জন

মুস্ত্যায়ন ৎ-সর্গ করিয়া দেয় য়িহুহার কাছে
সে আনুক তাহার নিবেদনার্থীয় য়িহুহার কাছে
৩০ তাহার মুস্ত্যায়ন হইতে সে আপন হাতে আনুক
য়িহুহার অগ্নিকৃত ৎ-সর্গ চরবি ও বুক তাহাই
আনুক বুক দোলান হওনের কারন দোলান ৎ-সর্গ
৩১ হওনার্থে য়িহুহার সম্মুখে। এবং যাজক
পোড়াওক সে চরবি যজ্ঞকুণ্ডের ওপর কিন্তু বুক
৩২ হবেক আহারন ও তাহার পুত্রেরদের। তোমার
দের মুস্ত্যায়নের দক্ষিন কাঁধ ও দিও যাজককে
৩৩ প্রদর্শন ৎ-সর্গের কারন আহারনের পুত্রেরদের
মধ্যে যে ৎ-সর্গ করিয়াছে মুস্ত্যায়নের রক্ত ও
৩৪ চরবি দক্ষিন স্কন্ধ হইবেক তাহার ভাগ একারন
দোলনীয় বুক ও প্রদর্শনীয় স্কন্ধ আমি লইয়াছি
য়িশরায়েলের সন্তানেরদিগ হইতে ও দিয়াছি আহারন
যাজক ও তাহার পুত্রেরদিগকে সদাকালের বিধি
হইবার জন্য য়িশরায়েলের সন্তানের মধ্যে।

৩৫ এই আহারন ও তাহার পুত্রেরদের অভিষেক
ভাগ য়িহুহার অগ্নিকৃত ৎ-সর্গ হইতে সে দিনে
৩৬ যাহাতে নিযুক্ত করিলেন তাহারদিগকে যাজকতা
করিতে য়িহুহার কাছে যাহা য়িহুহা আজ্ঞা দিলেন
দিতে তাহারদিগকে য়িশরায়েলের সন্তানেরদিগ হইতে
যে দিন তিনি অভিষেক করাইলেন তাহারদিগকে
৩৭ সদা কালের বিধিতে তাহারদের পুরুষানুক্রমে। এই
আহুতি ও চক্ ও পাপ ৎ-সর্গ ও চুকের ৎ-সর্গ

৩৮ ও পবিত্র করনের ওৎসর্গ ও সুস্থায়নের বিধি
যাহা য়িহুহা আজ্ঞা করিলেন মোশাকে সীনী পর্ব্বতে
সেই দিবসে যাহাতে আজ্ঞা করিলেন য়িশরালের
সন্তানেরদিগকে তাহারদের নিবেদনার্থীয় ওৎসর্গ
করিতে য়িহুহার কাছে সীনী অরণ্যের মধ্যে।—

পর্ব্ব ৮ পরে য়িহুহা এ কথা কহিলেন মোশাকে। আহারন
ও তাহার পুত্রেরদিগকে ও সে পরিচ্ছদ এবং
অভিষেকার্থ তৈল ও আঁড়িয়া পাপের ওৎসর্গের
কারন ও দুইটা মেষ ও এক টুকরি বেখামির রুটি
৩ সাতে লইয়া সমস্ত মণ্ডলি একত্র কর পবিত্র তাম্বুর
দ্বারে। ও মোশা করিলেন যেমত য়িহুহা আজ্ঞা
৪ দিয়াছিলেন তাহাকে তাহাতে সে সভা একত্র হইল
পবিত্র তাম্বুর দ্বারে। এবং মোশা বলিল মণ্ডলিকে
৫ এই তাহা যাহা য়িহুহা আজ্ঞা করিলেন করিতে।
৬ পরে মোশা আহারন ও তাহার পুত্রেরদিগকে আনিয়া
৭ স্নান করাইল। পরে তাহার গায় কবাই
দিল ও দামনে বন্ধ করিল ও পরিচ্ছদ পরাইল ও
আইফদ দিল তাহার গায় পরে আইফদের হেকমত
বন্ধে বন্ধ করিয়া তাহাতে বন্ধ করিল তাহা
৮ ও তাহার বুকে বুকপাটা দিল ও আণ্ডরিম
ও তমিম দিল বুকপাটার মধ্যে। সে ও মুকুট দিল
৯ তাহার মাথায় ও মুকুটের ওপর তাহার কপালেই
সোনার পাত পবিত্র মুকুটি দিল যেমত য়িহুহা আজ্ঞা
১০ দিলেন মোশাকে। মোশা সে অভিষেকার্থ তৈল

লইয়া পবিত্র তাম্বু ও যে সমস্ত তাহার মধ্যে আছে
